আজ সোমবার
জেঃ প্রঃ ঢাঃ রেজিঃ ১১
বর্ষ-০৬, সংখ্যা-৩০৫
১১ মে ২০২৬ ইং
২৮ বৈশাখ ১৪৩৩ বাংলা
২২ জিলক্বদ ১৪৪৭ হিজরি
৮ পৃষ্ঠা ১০ টাকা

# দৈনিক পর্যবেক্ষণ

বস্তুনিষ্ঠ সংবাদে অকুতোভয়



শুভকে নিয়ে গর্বিত তিশা, জানালেন ইনস্টাগ্রাম স্টোরিতে

পৃষ্ঠাঃ ৬



## ‘মব’ কালচার বন্ধে আইন সংস্কার হবে

নির্বাচনের পর মন্ত্রণালয়ের দায়িত্ব নেওয়ার প্রথম দিন ‘মব কালচার শেষ’ বলে জানিয়ে দেওয়া স্বরাষ্ট্রমন্ত্রী সালাউদ্দিন আহমদ এবার বললেন, মব কালচার বন্ধে বিদ্যমান আইন সংস্কারের উদ্যোগ নেওয়ার কথা। তিনি বলেন, "মব কালচার পুরোপুরি বন্ধ করার লক্ষ্যে বিদ্যমান আইনকে সংশোধন ও সংযোজন করে যুগোপযোগী ● ২-এর পাতায় দেখুন



## তরুণ প্রজন্মকে ডিজিটাল সাক্ষরতার পাশাপাশি নৈতিক শিক্ষায় শিক্ষিত করতে হবে

তথ্য ও সম্প্রচার মন্ত্রী জহির উদ্দিন স্বপন বলেছেন, বর্তমান কৃত্রিম বুদ্ধিমত্তা ও প্রযুক্তির যুগে ভবিষ্যৎ প্রজন্মকে কেবল প্রযুক্তিগতভাবে দক্ষ করলেই চলবে না। ডিজিটাল লিটারেসির (সাক্ষরতা) পাশাপাশি তাদের ● ২-এর পাতায় দেখুন



## নৌপথে ঈদযাত্রা নিরাপদ ও নির্বিঘ্ন করতে কাজ করছে সরকার

আসন্ন পবিত্র ঈদুল আজহা উপলক্ষ্যে ঘরমুখো মানুষের নৌপথে যাত্রা নিরাপদ, স্বস্তিদায়ক ও নির্বিঘ্ন করতে সরকার সব ধরনের প্রস্তুতি ও ব্যবস্থাপনা নিশ্চিত করছে বলে জানিয়েছেন নৌপরিবহন, সড়ক পরিবহন ও ● ২-এর পাতায় দেখুন



## মানদণ্ড না মানলে প্রকল্প নয়

**নিজস্ব প্রতিবেদক**

বিনিয়োগের লাভ, কর্মসংস্থান ও পরিবেশগত বিবেচনার মানদণ্ড পূরণ না করলে কোনো প্রকল্প অনুমোদন পাবে না বলে জানিয়েছেন অর্থ ও পরিকল্পনা মন্ত্রী আমির খসরু মাহমুদ চৌধুরী। তিনি বলেছেন, “যে কোনো প্রজেক্ট আসবে, এই মানদণ্ড যেটা মিট করবে না, সে প্রজেক্ট আমরা করব না। সিম্পল, করব না। কারণ এটা সরকারের টাকা না, এটা বাংলাদেশের মানুষের টাকা, ট্যাক্সপেয়ার্স টাকা।” রোববার ঢাকার আগারগাঁওয়ে পল্লী কর্ম সহায়ক ফাউন্ডেশন, পিকেএসএফ ভবনে ‘স্টেপিং ফরওয়ার্ড: দ্য ইনঅগারেশন অব রেইজ টু’ শীর্ষক ● ২-এর পাতায় দেখুন



# কোনো ফ্যাসিবাদ যেন পুলিশকে আর ব্যবহার করতে না পারে: প্রধানমন্ত্রী

**নিজস্ব প্রতিবেদক**

বাংলাদেশে আর কোনো ফ্যাসিবাদ বা স্বৈরাচার যেন পুলিশ সদস্যদের দেশ ও জনগণের স্বাধীনতার বিরুদ্ধে ব্যবহার করতে সক্ষম না হয়, সেজন্য সবাইকে নতুন করে শপথ নেওয়ার আহ্বান জানিয়েছেন প্রধানমন্ত্রী তারেক রহমান। একইসঙ্গে ১৯৭১ সালের উত্তাল মার্চে রাজারবাগে সব পুলিশ সদস্যকে একসঙ্গে জড়ো করে রাখার পেছনে তৎকালীন রাজনৈতিক নেতৃত্বের কী কৌশল ছিল, তা নিয়ে গবেষণারও তাগিদ দিয়েছেন তিনি। রোববার (১০ মে) সকালে রাজধানীর রাজারবাগ পুলিশ লাইন্স মাঠে ‘বাংলাদেশ পুলিশ সপ্তাহ ২০২৬’ উদ্বোধনকালে প্রধান অতিথির বক্তব্যে এসব কথা বলেন প্রধানমন্ত্রী। বক্তব্যের শুরুতে ১৯৭১ সালের ২৫ মার্চ রাতে রাজারবাগে হানাদার বাহিনীর ‘অপারেশন সার্চলাইট’-এর বর্বর হামলায় শহীদ পুলিশ সদস্যদের শ্রদ্ধার সঙ্গে স্মরণ করেন প্রধানমন্ত্রী। তারেক রহমান বলেন, শুধু স্মরণের মধ্য দিয়েই আপনাদের-আমাদের দায়িত্ব শেষ হয়ে যায় না। বাংলাদেশের স্বাধীনতা অর্জনের জন্য যেসব শহীদ পুলিশ ভাইরা আত্মত্যাগ করেছিলেন, যেকোনো মূল্যে সেই স্বাধীনতা রক্ষা করা আমাদের পবিত্র ● ২-এর পাতায় দেখুন

## মার্কিন আদালতের রায়েও বহাল ১০ শতাংশ পাল্টা শুল্ক, নতুন অনিশ্চয়তায় রফতানিকারকরা

**নিজস্ব প্রতিবেদক**

যুক্তরাষ্ট্রের একটি ফেডারেল আদালত প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প প্রশাসনের আরোপ করা ১০ শতাংশ বৈশ্বিক পাল্টা শুল্ককে (গ্লোবাল রিসিপ্রোকাল ট্যারিফ) অবৈধ ঘোষণা করলেও, বাস্তবে এখনই সব আমদানিকারকের জন্য এই শুল্ক বাতিল হচ্ছে না। আদালতের রায়ে আপাতত শুধু মামলার তিন বাদী প্রতিষ্ঠানের ক্ষেত্রে কার্যকর হওয়ায় বিশ্বের অন্যান্য রফতানিকারক দেশ ও ব্যবসায়ীদের মধ্যে নতুন করে অনিশ্চয়তা তৈরি হয়েছে। গত ৭ মে নিউ ইয়র্কভিত্তিক ইউনাইটেড স্টেটস কোর্ট অব ইন্টারন্যাশনাল ট্রেডের তিন বিচারকের বেঞ্চ দুই-এক ব্যবধানে এই রায় দেন। এসময় আদালত বলেন, প্রেসিডেন্টের শুল্ক আরোপের ক্ষমতা সীমিত এবং কংগ্রেস যে আইনি ক্ষমতা দিয়েছে, ট্রাম্প প্রশাসন তা অতিক্রম করেছে। আদালতের পর্যবেক্ষণে এই শুল্ককে ‘অবৈধ’ ও ‘আইনত অননুমোদিত’ বলা হয়েছে।

তবে আদালতের নির্দেশ শুধু মামলার তিন বাদী প্রতিষ্ঠান্ ওয়াশিংটন অঙ্গরাজ্য, খেলনা নির্মাতা প্রতিষ্ঠান বেসিক ফান এবং মসলা আমদানিকারক প্রতিষ্ঠান বারল্যাপ অ্যান্ড ব্যারেলের ক্ষেত্রে কার্যকর হয়েছে। আদালত তাদের ওপর আরোপিত ১০ শতাংশ শুল্ক স্থগিত এবং ইতোমধ্যে আদায় করা অর্থ ফেরতের নির্দেশও দিয়েছেন। ফলে বর্তমানে দেশটির অধিকাংশ আমদানিকারকের জন্য ১০ শতাংশ বৈশ্বিক পাল্টা শুল্ক বহাল রয়েছে। এতে করে যারা মার্কিন আমদানিকারকদের সঙ্গে সরাসরি ব্যবসা করেন, বিশেষ করে বাংলাদেশসহ রফতানিনির্ভর দেশগুলোর ব্যবসায়ী-রা এখন উচ্চ আদালতের পরবর্তী সিদ্ধান্ত এবং ট্রাম্প প্রশাসনের আইনি পদক্ষেপের দিকে নজর রাখছেন। যদিও ট্রাম্প প্রশাসন ● ২-এর পাতায় দেখুন

## সোজা গুলি করার নির্দেশ দিয়েছিলেন শেখ হাসিনা: চিফ প্রসিকিউটর

**নিজস্ব প্রতিবেদক**

জুলাই-আগস্টের গণঅভ্যুত্থান দমনে তৎকালীন প্রধানমন্ত্রী শেখ হাসিনা আইনশৃঙ্খলা বাহিনীকে প্রাণঘাতী অস্ত্র ব্যবহার করে সোজা গুলি করার নির্দেশ দিয়েছিলেন- বলে দাবি করেছেন আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনালের চিফ প্রসিকিউটর মোহাম্মদ আমিনুল ইসলাম।

রোববার (১০ মে) নিজ কার্যালয়ে আয়োজিত সংবাদ সম্মেলনে তিনি এমন দাবি করেন।

এদিন রাজধানীর মোহাম্মদপুরে জুলাই আন্দোলনের সময় ৯ জনকে হত্যার ঘটনায় দায়ের করা ● ২-এর পাতায় দেখুন

## সৌদি আরবে পৌঁছেছেন ৫০ হাজার হজযাত্রী, ১২ জনের মৃত্যু

**নিজস্ব প্রতিবেদক**

হজ পালনের উদ্দেশ্যে বাংলাদেশ থেকে সৌদি আরবে পৌঁছেছেন ৫০ হাজার ৪৯২ জন। আর সেখানে অবস্থানকালে এ পর্যন্ত ১২ জন মারা গেছেন।

ধর্ম মন্ত্রণালয়ের হজ পোর্টালের সবশেষ বুলেটিন অনুযায়ী, রোববার রাত ২টা পর্যন্ত বাংলাদেশ থেকে সরকারি মাধ্যমে ৪ হাজার ৭১ জন এবং বেসরকারি মাধ্যমে ৪৬ হাজার ৪২১ জন সৌদি আরবে পৌঁছেছেন। ১২৯টি ফ্লাইটে এসব হজযাত্রী সৌদি আরবে পৌঁছেছেন; এর মধ্যে বিমান বাংলাদেশ এয়ারলাইন্সের ৫৯টি ফ্লাইটে ২৩ ● ২-এর পাতায় দেখুন

## শপথ নিয়েই বিনামূল্যে বিদ্যুৎ নারী সুরক্ষা বাহিনী বানাতে আদেশ মুখ্যমন্ত্রী বিজয়ের

**আন্তর্জাতিক ডেস্ক**

তামিলনাড়ুর মুখ্যমন্ত্রী হিসেবে শপথ নেওয়ার পর প্রথম আদেশেই থালাপতি বিজয় রাজ্যে ২০০ ইউনিট পর্যন্ত বিদ্যুৎ বিনামূল্যে দিতে এবং মাদকের বিরুদ্ধে পদক্ষেপ ও নারীদের সুরক্ষায় ব্যবস্থা নিতে বলেছেন। রোববার চেন্নাইয়ের জওহরলাল নেহেরু স্টেডিয়ামে শপথ নেন তামিলাগা ভেত্রি কাজাগমের (টিভিকে) এই নেতা। এরপর তার আবেগঘন বক্তৃতা শুরুই হয় তামিল শব্দগুচ্ছ ‘এন নেনজিল কুডিইরুককুম’ দিয়ে, যার অর্থ ‘যারা আমার হৃদয়ে বাস করেন’; অভিনেতা থেকে রাজনীতিক বনে যাওয়া বিজয় অতীতেও সমর্থকদের উদ্দেশ্যে এভাবেই বক্তৃতা শুরু করতেন বলে জানিয়েছে এনডিটিভি। পরে মুখ্যমন্ত্রী হিসেবে দেওয়া প্রথম আদেশেই টিভিকে প্রধান বিনামূল্যে ২০০ ইউনিট পর্যন্ত বিদ্যুৎ বিতরণের নির্দেশ দেন। তার আদেশে মাদকের মহামারি রুখতে বিশেষ টাস্কফোর্স গঠন এবং নারীদের সুরক্ষায় হেল্পলাইনসহ একটি বিশেষ বাহিনী গঠনের কথাও বলা হয়েছে। বিজয় বলেন, তিনি শিক্ষা, স্বাস্থ্য ও পানির মতো ● ২-এর পাতায় দেখুন

শিক্ষক নিয়োগ

## প্রাথমিকে সুপারিশপ্রাপ্ত ১৪ হাজার ৩৮৪ প্রার্থীর তথ্য যাচাইয়ের নির্দেশ

**নিজস্ব প্রতিবেদক**

সরকারি প্রাথমিক বিদ্যালয়ে সহকারী শিক্ষক পদে সুপারিশপ্রাপ্ত ১৪ হাজার ৩৮৪ প্রার্থীর পূর্বকার্যকলাপ, কাগজপত্র ও নথি যাচাইয়ে জরুরি নির্দেশনা দিয়েছে প্রাথমিক শিক্ষা অধিদপ্তর। রোববার (১০ মে) প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের পলিসি ও অপারেশন বিভাগের সহকারী পরিচালক (নিয়োগ) আইরিন পারভীন স্বাক্ষরিত এক বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়। বিজ্ঞপ্তিতে বলা হয়, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের অধীন সরকারি প্রাথমিক বিদ্যালয়ে ● ২-এর পাতায় দেখুন

## বাংলাদেশ থেকে পোশাক-চামড়াজাত পণ্য নিতে আগ্রহী ইতালি

**নিজস্ব প্রতিবেদক**

বাংলাদেশ ও ইতালির মধ্যে বিদ্যমান বন্ধুত্বপূর্ণ সম্পর্ক আরও জোরদার এবং পারস্পরিক স্বার্থসংশ্লিষ্ট বিভিন্ন বিষয় নিয়ে প্রধানমন্ত্রীর পররাষ্ট্র বিষয়ক উপদেষ্টা হুমায়ুন কবিরের সঙ্গে সৌজন্য সাক্ষাৎ করেছেন ঢাকায় নিযুক্ত ইতালির রাষ্ট্রদূত আন্তোনিও আলেসান্দ্রো। রোববার (১০ মে) রাজধানীর তেজগাঁওয়ে প্রধানমন্ত্রীর কার্যালয়ে এ বৈঠক হয়।

বৈঠকে দুই দেশের বাণিজ্য, সংস্কৃতি, ক্রীড়া ও অভিবাসনসহ বিভিন্ন ক্ষেত্রে সহযোগিতা বাড়ানোর ওপর গুরুত্বারোপ করা হয়।

বৈঠক সূত্রে জানা যায়, ইতালির রাষ্ট্রদূত আন্তোনিও আলেসান্দ্রো জানিয়েছেন, বাংলাদেশ থেকে তৈরি পোশাক, খাদ্যপণ্য, চামড়া ও চামড়াজাত পণ্যসহ বিভিন্ন মানসম্পন্ন পণ্য আমদানিতে গভীরভাবে আগ্রহী ইতালি। এ সময় দুই দেশের মধ্যে বাণিজ্য সম্প্রসারণের নতুন নতুন ক্ষেত্র নিয়েও ফলপ্রসূ আলোচনা হয়।

পাশাপাশি, বাংলাদেশের শিল্পখাতের আধুনিকায়নে ভূমিকা রাখতে ইতালির দূতাবাসের পক্ষ থেকে আধুনিক প্রযুক্তি ও শিল্প-কারখানায় ব্যবহৃত যন্ত্রপাতি (মেশিনারিজ) ইতালি থেকে ক্রয়ের জন্য বাংলাদেশের প্রতি আহ্বান জানানো হয়। বৈঠকে দুই দেশের সাংস্কৃতিক ও ক্রীড়া সম্পর্ক আরও গভীর করার বিষয়ে বিশেষ গুরুত্ব পায়। এর অংশ হিসেবে ● ২-এর পাতায় দেখুন

হামে শিশুমৃত্যু

## পরিবারপ্রতি ২ কোটি টাকা ক্ষতিপূরণ চেয়ে রিট

**নিজস্ব প্রতিবেদক**

হাম ও হামের উপসর্গে আক্রান্ত হয়ে এ পর্যন্ত মারা যাওয়া ৩৫২ শিশুর প্রত্যেক পরিবারকে ২ কোটি টাকা করে ক্ষতিপূরণ দেওয়ার নির্দেশনা চেয়ে হাইকোর্টে রিট দায়ের করা হয়েছে। রবিবার (১০ মে) সুপ্রিম কোর্টের আইনজীবী ব্যারিস্টার হুমায়ন কবীর পল্লব জনস্বার্থে এ রিট দায়ের করেন।

রিটে স্বাস্থ্য সচিবসহ সংশ্লিষ্টদের বিবাদী করা হয়েছে। রিটে পত্রিকায় প্রকাশিত প্রতিবেদন সংযুক্ত করা হয়েছে। প্রকাশিত প্রতিবেদনে বলা হয়, হাম ও হামের উপসর্গ নিয়ে গত ৫৫ দিনে ৩৫২ শিশুর মৃত্যু হয়েছে। সরকারি হিসাবেই গড়ে ● ২-এর পাতায় দেখুন



## হাওরাঞ্চলের বন্যা ‘উন্নতির দিকে’ এখনো বিপৎসীমার ওপরে ৫ নদীর পানি

**নিজস্ব প্রতিবেদক**

নেত্রকোণা, হবিগঞ্জ ও সুনামগঞ্জের হাওরাঞ্চলের বন্যা পরিস্থিতির উন্নতি হচ্ছে বলে জানিয়েছে বন্যা পূর্বাভাস ও সতর্কীকরণ কেন্দ্র। যদিও বন্যা সতর্কীকরণ কেন্দ্র বলেছে, এখনো দেশের উত্তর-পূর্বাঞ্চলের পাঁচ নদীর পানি পাঁচটি পয়েন্টে বিপৎসীমার ওপর দিয়ে প্রবাহিত হচ্ছে। কয়েকদিন আগের ভারি বৃষ্টি ও পাহাড়ি ঢলে ওই তিন জেলার হাওরাঞ্চল বন্যা কবলিত হয়।

কেন্দ্রের নির্বাহী প্রকৌশলী মঞ্জুর রহমান বলছেন, রোববার সকাল ৯টা পর্যন্ত আগের ২৪ ঘণ্টায় উল্লেখযোগ্য বৃষ্টিপাত না হওয়ায় সার্বিক বন্যা পরিস্থিতি আগের দিনের তুলনায় উন্নতির দিকে। এদিন বিকালে তিনি বলেন, “সার্বিকভাবে পরিস্থিতি আগের দিনের তুলনায় ভালো। নেত্রকোণা, হবিগঞ্জ এবং সুনামগঞ্জের হাওর সংলগ্ন নিম্নাঞ্চল প্লাবিত রয়েছে।” মঞ্জুর রহমান বলেন, উত্তর-পূর্বাঞ্চলের হাওর অববাহিকার প্রধান নদীগুলোর মধ্যে গত ২৪ ঘণ্টায় সুরমা-কুশিয়ারা, ধনু-বাউলাই ও ভুগাই-কংস নদীর পানি সমতল হ্রাস পেয়েছে।

রোববার বন্যা পূর্বাভাস ও সতর্কীকরণ কেন্দ্রের সবশেষ বুলেটিনে জানানো হয়েছে, এদিন সকাল ৯টায় সুনামগঞ্জ জেলার নালজুর নদী জগন্নাথপুর পয়েন্টে, নেত্রকোণা জেলার ভুগাই-কংস নদী জারিয়াজঞ্জাইল পয়েন্টে, সোমেশ্বরী নদী কলমাকান্দা পয়েন্টে, মগরা নদী নেত্রকোণা পয়েন্টে এবং হবিগঞ্জ জেলার সুতাং নদী সুতাং-রেলওয়ে সেতু পয়েন্টে প্রাক-মৌসুমী বিপৎসীমার ওপর দিয়ে প্রবাহিত হচ্ছিল। বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তর ও বৈশ্বিক আবহাওয়া সংস্থাগুলোর বরাত দিয়ে বুলেটিনে বলা হয়েছে, এই অঞ্চলে আগামী দুই দিন মাঝারি থেকে মাঝারি-ভারি এবং তৃতীয় দিন হালকা থেকে মাঝারি বৃষ্টিপাতের পূর্বাভাস রয়েছে। ২৪ ঘণ্টায় ১২ থেকে ২২ মিলিমিটার বৃষ্টি হলে তাকে মাঝারি, ২৩ থেকে ৪৩ মিলিমিটার হলে মাঝারি-ভারি, আর ৪৪ থেকে ৮৮ মিলিমিটার বৃষ্টিপাত হলে তাকে ভারি বৃষ্টি বলে আবহাওয়া অধিদপ্তর। বন্যা পূর্বাভাস ও সতর্কীকরণ কেন্দ্র উত্তর-পূর্বাঞ্চলের হাওর অববাহিকার ছয় জেলার নদীর পানি প্রবাহের ● ২-এর পাতায় দেখুন

## সাবেক এমপি শেখ হেলাল ও তার স্ত্রীর আয়কর নথি জব্দের নির্দেশ

**নিজস্ব প্রতিবেদক**

বাগেরহাট-১ আসনের সাবেক সংসদ সদস্য শেখ হেলাল উদ্দীন ও তার স্ত্রী শেখ রুপা চৌধুরীর আয়কর সংক্রান্ত নথি জব্দের নির্দেশ দিয়েছেন আদালত। শেখ হেলাল উদ্দীন ভোলা-১ আসনের সংসদ সদস্য আন্দালিব রহমান পার্থের শ্বশুর। রোববার (১০ মে) দুর্নীতি দমন কমিশনের (দুদক) পৃথক দুই আবেদনের শুনানি শেষে ঢাকার মেট্রোপলিটন সিনিয়র স্পেশাল জজ সাব্বির ফয়েজ এ আদেশ দেন। বিষয়টি নিশ্চিত করেছেন সংশ্লিষ্ট আদালতের বেঞ্চ সহকারী রিয়াজ হোসেন। জানা গেছে, মামলার ● ২-এর পাতায় দেখুন

## কোরবানির আগে কমেছে মসলার দাম, বেচাকেনাও কম

**নিজস্ব প্রতিবেদক**

বছরের অন্য সময়ের তুলনায় কোরবানির ঈদকে সামনে রেখে সাধারণত গরম মসলার বাজারে চাহিদা ও দাম-দুটোই বেড়ে যায়। তবে, এবার দেখা যাচ্ছে ভিন্নতা। এলাচ থেকে শুরু করে জিরা, জায়ফল, কাঠবাদাম, কাজুবাদাম, কিসমিস, আলু বোখারাসহ প্রায় সব ধরনের মসলার দাম আগের তুলনায় কমেছে। দাম কমার সঙ্গে সঙ্গে কমেছে বেচাকেনাও। এসব নিয়ে হতাশ ব্যবসায়ী-রা। রাজধানীর বৃহৎ পাইকারি মসলা বাজার পুরান ঢাকার মৌলভীবাজার ঘুরে এই চিত্র দেখা গেছে।

মৌলভীবাজার ঘুরে দেখা যায়, কোরবানির ঈদ সামনে রেখে বাজারে গরম মসলার বেচাকেনা চলছে ঠিকই, তবে ক্রেতার উপস্থিতি তুলনামূলক কম। ব্যবসায়ীদের ভাষ্য, গত দুই বছরের তুলনায় এবার মসলার দাম কম এবং বাজারে সরবরাহও বেশি। মক্কা-মদিনা ট্রেডার্সের মো. সুজন জানান, বাজারে মানভেদে বিভিন্ন ধরনের এলাচ প্রতি কেজি তিন হাজার ৮০০ থেকে পাঁচ হাজার ২০০ টাকায় বিক্রি হচ্ছে। তিনি বলেন, “যে এলাচ এবার পাঁচ হাজার ২০০ টাকায় বিক্রি হচ্ছে গত বছর সেটাই ছিল পাঁচ হাজার ৬০০ টাকা।”

তিনি আরও জানান, মধ্যমানের ‘এলএমজি’ এলাচ বর্তমানে কেজিপ্রতি চার হাজার ১০০ টাকায় বিক্রি হচ্ছে। কয়েক সপ্তাহ আগেও এর দাম ছিল ২০০ টাকা বেশি। গত বছর একই এলাচ বিক্রি হয়েছিল চার হাজার ৭০০ থেকে চার হাজার ৮০০ টাকায়। এছাড়া অপেক্ষাকৃত কম মানের ‘এসএমজি’ এলাচ এখন বিক্রি হচ্ছে তিন হাজার ৮০০ টাকায়, যা এক মাস আগে ছিল চার হাজার টাকা। ● ২-এর পাতায় দেখুন

## নসরুল হামিদ বিপু ও স্ত্রী-সন্তানের আয়কর নথি জব্দের আদেশ

**নিজস্ব প্রতিবেদক**

দুর্নীতির মামলায় সাবেক বিদ্যুৎ ও জ্বালানি প্রতিমন্ত্রী নসরুল হামিদ বিপু, তার স্ত্রী সীমা হামিদ ও ছেলে জারিফ হামিদের আয়কর নথি জব্দের আদেশ দিয়েছে আদালত।

দুদকের তিন আবেদনের পরিপ্রেক্ষিতে রোববার এ আদেশ দেন ঢাকার মহানগর জ্যেষ্ঠ বিশেষ জজ সাব্বির ফয়েজ।

আদালতের বেঞ্চ সহকারী রিয়াজ হোসেন জানান, দুদকের পক্ষে সহকারী পরিচালক মিনহাজ বিন ইসলাম আয়কর নথি জব্দ চেয়ে আবেদন করেন। মামলার সুষ্ঠু ● ২-এর পাতায় দেখুন

## ঢাকা বিশ্ববিদ্যালয়ের প্রক্টর সাইফুদ্দীন আহমদের পদত্যাগ

**নিজস্ব প্রতিবেদক**

ঢাকা বিশ্ববিদ্যালয়ের প্রক্টরের পদ থেকে পদত্যাগ করেছেন শান্তি ও সংঘর্ষ অধ্যয়ন বিভাগের সহযোগী অধ্যাপক সাইফুদ্দীন আহমদ।

আওয়ামী লীগ সরকারের পতনের পর ২০২৪ সালের ২৮ অগাস্ট প্রক্টর হিসেবে দায়িত্ব নিয়েছিলেন তিনি।

অধ্যাপক সাইফুদ্দীন রোববার দুপুরে বলেন, ইতোমধ্যে উপাচার্য বরাবর পদত্যাগ পাঠিয়েছেন তিনি।

“আমি গত ২০ মাস প্রক্টরের দায়িত্ব পালন করেছি। এখন সবকিছু একটা ভারসাম্যপূর্ণ অবস্থায় এসেছে। ● ২-এর পাতায় দেখুন



গতকাল দুপুরের রাজধানীতে হঠাৎ বৃষ্টিতে ভোগান্তিতে নগরজীবন। কারওয়ান বাজার, ঢাকা

## হরমুজ অভিযানের প্রস্তুতিতে পশ্চিম এশিয়ায় যুদ্ধজাহাজ পাঠাচ্ছে যুক্তরাজ্য

**নিজস্ব প্রতিবেদক**

হরমুজ প্রণালিতে বাণিজ্যিক জাহাজগুলোর চলাচলের নিরাপত্তা নিশ্চিত করার চেষ্টায় সম্ভাব্য বহুজাতিক অভিযানের প্রস্তুতিতে যুক্তরাজ্য তাদের যুদ্ধজাহাজ ‘এইচএমএস ড্রাগন’ পশ্চিম এশিয়ায় মোতায়েন করছে।

এইচএমএস ড্রাগন যুদ্ধজাহাজটি এর আগে গত মার্চে পূর্ব ভূমধ্যসাগরে সাইপ্রাসকে সহায়তা করতে পাঠানো হয়েছিল। এখন এটিকে পশ্চিম এশিয়ায় মোতায়েন করা হচ্ছে। ২ এর পাতায় দেখুন

## ১০ মামলায় আইভীর জামিন বহাল, মুক্তিতে ‘বাধা নেই’

**নিজস্ব প্রতিবেদক**

হত্যাসহ বিভিন্ন অভিযোগের ১০টি মামলায় নারায়ণগঞ্জের সাবেক মেয়র সেলিনা হায়াৎ আইভীর জামিন বহাল রেখেছে আপিল বিভাগ। এর ফলে তার কারামুক্তিতে আর কোনো আইনি বাধা রইল না বলে জানিয়েছেন তার আইনজীবী। হাই কোর্টের দেওয়া জামিন আদেশের বিরুদ্ধে রাষ্ট্রপক্ষের করা আবেদনগুলো খারিজ করে প্রধান বিচারপতির নেতৃত্বাধীন আপিল বিভাগ রোববার এ আদেশ দেয়। আদালতে আইভীর পক্ষে শুনানিতে ছিলেন জ্যেষ্ঠ আইনজীবী মো. মোতাহার হোসেন সাজু। নারায়ণগঞ্জ জেলা আওয়ামী লীগের জ্যেষ্ঠ সহসভাপতি আইভী দেশের প্রথম নির্বাচিত নারী মেয়র এবং নারায়ণগঞ্জ সিটি করপোরেশনের টানা তিনবারের মেয়র। ২০২৪ সালের গণ-অভ্যুত্থানের মুখে আওয়ামী লীগ সরকারের পতনের পর ১৮ অগাস্ট সেলিনা হায়াৎ আইভীকে মেয়রের পদ থেকে অপসারণ করে তৎকালীন অন্তর্বর্তী সরকার। এরপর ২০২৫ সালের ৯ মে ভোরে নারায়ণগঞ্জ শহরের দেওভোগের বাসা থেকে আইভীকে গ্রেপ্তার করে পুলিশ। ● ২-এর পাতায় দেখুন

## সাবেক দুই প্রতিমন্ত্রী ও এক এমপির আয়কর নথি জব্দ

**নিজস্ব প্রতিবেদক**

দুর্নীতির মামলায় যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের সাবেক প্রতিমন্ত্রী জাহিদ আহসান রাসেল, মহিলা ও শিশু বিষয়ক প্রতিমন্ত্রী মেহের আফরোজ চুমকি এবং বাগেরহাট-১ আসনের সাবেক এমপি শেখ হেলাল উদ্দীন ও তার স্ত্রী শেখ রুপা চৌধুরীর আয়কর নথি জব্দের আদেশ দিয়েছে আদালত। দুদকের পৃথক দুই আবেদনের প্রেক্ষিতে রোববার ঢাকার মেট্রোপলিটন সিনিয়র স্পেশাল জজ সাব্বির ফয়েজ এ আদেশ দেন। ● ২-এর পাতায় দেখুন

দৈনিক

# পর্যবেক্ষণ

বস্তুনিষ্ঠ সংবাদে অকুতোভয়

সোমবার ১১ মে ২০২৬ ॥ ২৮ বৈশাখ ১৪৩৩ বাংলা


## হামের চিকিৎসা: কিনতে হয় সবই খরচের চাপে অভিভাবকরা

**নিজস্ব প্রতিবেদক**

নয় মাস বয়সী নূর এপ্রিলের শুরু থেকে জ্বর, শ্বাস কষ্টে ভুগছিল। ৮ এপ্রিল চাঁদপুরের এই শিশুটিকে ভর্তি করা হয় ঢাকার বাংলাদেশ শিশু হাসপাতাল ও ইনস্টিটিউটে। অবস্থার অবনতি হলে তাকে নিতে হয় নিবিড় পরিচর্যা কেন্দ্রে আইসিইউতে। বর্তমানে শিশুটিকে নিয়ে তার মা সুমাইয়া হাসপাতালে রয়েছেন।

এই এক মাসে ওষুধ, আইসিইউসহ আনুষাঙ্গিক মিলে ৮০ হাজারের বেশি টাকা খরচ হয়েছে বলেছেন নূরের বাবা নুরুল্লাহ হাসান। তার সঙ্গে শনিবার কথা হয়। নুরুল্লাহ বলছিলেন, তার একটি ওষুধের দোকান আছে। মাসে ৩০ হাজার টাকার বেশি আয় করেন। কিন্তু হঠাৎ করে বাচ্চার পিছনে এত টাকা খরচ, আবার হাসপাতালে সময় দিতে গিয়ে দোকানও বন্ধ রাখতে হচ্ছে। তিনি বলেন, "আমার প্রায় তিন মাসের আয়ের টাকা একবারেই খরচ হয়ে গেছে।" নুরুল্লাহ বলেন, আর কয়েক দিন থাকলে এক লাখ টাকা খরচ হয়ে যাবে। সুমাইয়া বলেন, হাসপাতালে আসার পর থেকেই প্রতিদিন অনেক খরচ হয়। এখান থেকে কিছুই পাওয়া যায় না। ডাক্তার, নার্স যখন যা নিয়ে আসতে বলেন, সব বাইরে থেকে নিয়ে আসতে হয়। এ ছাড়া বিভিন্ন সময় পরীক্ষা আর ওষুধ কিনতে প্রতিদিন কয়েক হাজার টাকা খরচ হয়। আইসিইউর খরচের বিষয়ে তিনি বলেন, এখানে আইসিইউ শয্যার ভাড়া দৈনিক এক হাজার, অক্সিজেন ৫০০ টাকা, নেবুলাইজার ১০০ টাকা। আর বিভিন্ন ওষুধ কিনে নিয়ে আসতে হয়। "আইসিইউতে রাখার সময় অ্যান্টিবায়োটিক ওষুধ, বিভিন্ন ইঞ্জেকশন কিনতে বেশি টাকা ব্যয় হয়েছে," বলেন নূরের মা।

আরো কয়েকজন

৭-এর পাতায় দেখুন

## ১০০ উপজেলা ও পৌরসভায় প্রার্থী ঘোষণা করেছে এনসিপি

**নিজস্ব প্রতিবেদক**

স্থানীয় সরকার নির্বাচনের জন্য প্রাথমিকভাবে ১০০ উপজেলা ও পৌরসভায় প্রার্থী ঘোষণা করেছে জাতীয় নাগরিক পার্টি (এনসিপি)।

রোববার (১০ মে) বিকেলে দলটির অস্থায়ী কার্যালয়ে এক সংবাদ সম্মেলনে জাতীয় নাগরিক পার্টির (এনসিপি) মুখ্য সংগঠক সারজিস আলম প্রার্থীদের নাম ঘোষণা করেন। তিনি বলেন, আমরা প্রাথমিকভাবে আজ ১০০ জন এনসিপি সমর্থিত উপজেলা চেয়ারম্যান পদপ্রার্থী এবং পৌরসভার মেয়র প্রার্থী ঘোষণা করছি। সারজিস আলম বলেন, স্থানীয় সরকার নির্বাচনের জন্য হাজারেরও বেশি অ্যাপ্লিকেশন জমা হয়েছিল। সেখান থেকে আমরা প্রাথমিকভাবে ১০০ জনের নাম ঘোষণা করছি। আগামী ঈদের আগেই আমরা আশা করছি এ মাসের ২০ তারিখে দ্বিতীয় ধাপে আবারো ১০০ জন প্রার্থীর নাম ঘোষণা করব। আমাদের এই নাম ঘোষণার প্রক্রিয়া চলতে থাকবে।

৭-এর পাতায় দেখুন



## দেড় মাস বাকি থাকতেই গত অর্থবছরের বেশি রেমিটেন্স

**নিজস্ব প্রতিবেদক**

প্রবাসীদের পাঠানো রেমিটেন্সের ইতিবাচক ধারা অব্যাহত রয়েছে; চলতি মে মাসের নয় দিনেই ১০০ কোটি ডলারের বেশি অর্থ দেশে এসেছে।

আর এর মধ্য দিয়ে ২০২৫-২৬ অর্থবছরের এক মাস ২২ দিন বাকি থাকতেই গত অর্থবছরের পুরো সময়ের চেয়ে বেশি রেমিটেন্স এসেছে দেশে।

বাংলাদেশ ব্যাংক রোববার রেমিটেন্স প্রবাহের সাপ্তাহিক যে তথ্য প্রকাশ করেছে, তাতে দেখা যায়, চলতি মে মাসের প্রথম নয় দিনে (১ থেকে ৯ মে) ১০২ কোটি ৯৩ লাখ (১.০৩ বিলিয়ন) ডলার দেশে পাঠিয়েছেন বিশ্বের বিভিন্ন দেশে অবস্থানকারী প্রবাসীরা। সব মিলিয়ে আগামী ৩০ জুন শেষ হতে চলা ২০২৫-২৬ অর্থবছরের ১০ মাস ৯ দিনে (২০২৫ সালের ১ জুলাই থেকে ২০২৬ সালের ৯ মে) ৩ হাজার ৩৬ কোটি ১০ লাখ (৩০.৩৬ বিলিয়ন) পাঠিয়েছেন প্রবাসীরা। এই অর্থ গত অর্থবছরের পুরো সময়ের (২০২৪ সালের ১ জুলাই থেকে ২০২৫ সালের ৩০ জুন) চেয়ে দশমিক ১১ শতাংশ বেশি।

২০২৪-২৪ অর্থবছরে ৩ হাজার ৩২ কোটি ৮৮ লাখ (৩০.৩৩ বিলিয়ন) ডলার দেশে এসেছিল।

কেন্দ্রীয় ব্যাংকের তথ্যে দেখা যায়, চলতি অর্থবছরের দশম মাস এপ্রিলে ৩১২ কোটি ৭০ লাখ (৩.১৩ বিলিয়ন) ডলার পাঠিয়েছেন প্রবাসীরা। এই অঙ্ক গত বছরের এপ্রিলের চেয়ে ১৩ দশমিক ৬২ শতাংশ বেশি। টানা পাঁচ মাস ৩ বিলিয়ন ডলারের বেশি রেমিটেন্স দেশে এসেছে।

রেমিটেন্সে প্রতি ডলারে এখন ১২৩ টাকা দিচ্ছে ব্যাংকগুলো। সে হিসাবে মে মাসের নয় দিনে ১২ হাজার ৬৬০ কোটি

৭ এর পাতায় দেখুন

## অস্ত্র মামলা: আনিসুল হকের বিরুদ্ধে অভিযোগ গঠন শুনানি পেছাল

**নিজস্ব প্রতিবেদক**

ঢাকার বনানী থানার অস্ত্র আইনের মামলায় সাবেক আইনমন্ত্রী আনিসুল হকের বিরুদ্ধে অভিযোগ গঠনের শুনানি পিছিয়েছে।

আগামী ২১ জুন শুনানির দিন রেখেছে আদালত। রোববার আনিসুল হকের আইনজীবী সময় চেয়ে আবেদন করার প্রেক্ষিতে ঢাকার বিশেষ ট্রাইব্যুনাল-৪ এর বিচারক মঈন উদ্দিন চৌধুরী শুনানির নতুন তারিখ ধার্য করে আদেশ দেন। সংশ্লিষ্ট আদালতের বেঞ্চ সহকারী গোলাম নবী এ তথ্য দিয়েছেন।

এদিন মামলার অভিযোগ গঠন শুনানির ধার্য তারিখ থাকায় আনিসুল হককে আদালতে হাজির করা হয়। তবে তার পক্ষে ব্যারিস্টার সুমন হোসেন সময় চেয়ে আবেদন করেন।

আইনজীবী বলেন, "আওয়ামী সরকারের পতনের পর তার বাড়ি লুট হয়। তার বৈধ অস্ত্র ছিল। সেটিও লুট হয়। তার পক্ষ থেকে বিষয়টি আইনশৃঙ্খলা বাহিনীকে জানানো হয়েছে। অস্ত্রের বিষয়ে 'ডকুমেন্ট কালেক্ট' করতে পারিনি। এজন্য সময় প্রয়োজন।" তবে রাষ্ট্রপক্ষের আইনজীবী জহিরুল

৭-এর পাতায় দেখুন




## সাম্প্রদায়িক সম্প্রীতি রক্ষায় ক্রীড়া ও সংস্কৃতির বিকল্প নেই : পার্বত্য মন্ত্রী

**রাঙ্গামাটি প্রতিনিধি**

পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রী দীপেন দেওয়ান বলেছেন, সাম্প্রদায়িক সম্প্রীতি বজায় রাখা এবং উজ্জ্বল ভবিষ্যৎ বিনির্মাণে ক্রীড়া ও সংস্কৃতির কোনো বিকল্প নেই।

তিনি আরো বলেন, পার্বত্য অঞ্চলের প্রতিটি স্কুলে শিক্ষার পাশাপাশি শিক্ষার্থীরা যাতে ক্রীড়া ও সাংস্কৃতিক কর্মকাণ্ডে নিজেদের প্রতিভা বিকাশের সুযোগ পায়, সে লক্ষ্যে ক্রীড়াসংশ্লিষ্ট বিশেষ প্রকল্প গ্রহণ করা হবে। ভবিষ্যতে এই অঞ্চল থেকে বিশ্বমানের খেলোয়াড় তৈরি করতে পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয় অগ্রণী ভূমিকা পালন করবে।

গতকাল রাঙ্গামাটির চিং হ্লা মং চৌধুরী মারী স্টেডিয়ামে প্রাথমিক বিদ্যালয় গোল্ড কাপ (বালক-বালিকা) ফুটবল টুর্নামেন্টের ফাইনাল খেলার সমাপনী ও পুরস্কার বিতরণী অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। মন্ত্রী দীপেন দেওয়ান আরো বলেন, রাঙ্গামাটি জেলা হচ্ছে খেলোয়াড় তৈরির অন্যতম একটি উর্বর ক্ষেত্র। অতীতেও এই মাটি থেকে অসংখ্য গুণী খেলোয়াড় উঠে এসেছেন। আমার কাকাও একজন সফল ক্রীড়াবিদ ছিলেন,

৭-এর পাতায় দেখুন

## গাজীপুরে ৫ খুনের ঘটনায় মামলা দায়ের

**গাজীপুর প্রতিনিধি**

গাজীপুরের কাপাসিয়া উপজেলায় একই পরিবারের পাঁচজনের গলা কাটা লাশ উদ্ধারের ঘটনায় মামলা হয়েছে।

শনিবার রাতে কাপাসিয়া থানায় মামলাটি দায়ের করা হয় বলে গাজীপুরের অতিরিক্ত পুলিশ সুপার (কালিগঞ্জ সার্কেল) মো. আসাদুজ্জামান নিশ্চিত করেছেন।

তিনি বলেন, "নিহত শারমিন আক্তারের বাবা সাহাদত মোল্লা বাদী হয়ে মামলাটি দায়ের করেছেন। মামলায় জামাতা (শারমিনের স্বামী) পলাতক ফোরকানসহ অজ্ঞাত পরিচয় ৪ থেকে ৫ জনকে আসামি করা হয়েছে।" এর আগে শনিবার সকালে কাপাসিয়ার রাউৎকোনা গ্রাম থেকে পাঁচজনের গলাকাটা লাশ উদ্ধার করে পুলিশ।

৭-এর পাতায় দেখুন

## ৩ লাখ কোটি টাকার এডিপির খসড়া চূড়ান্ত

**নিজস্ব প্রতিবেদক**

আগামী ২০২৬-২৭ অর্থবছরের জন্য প্রায় ৩ লাখ কোটি টাকার বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি) প্রাথমিকভাবে চূড়ান্ত করেছে পরিকল্পনা কমিশন।

শনিবার (৯ মে) কমিশনের বর্ধিত সভায় এডিপির খসড়া অনুমোদন দেওয়া হলেও খাতভিত্তিক বরাদ্দ আগামী ১৬ মে চূড়ান্ত করা হবে। পরে এটি ১৮ মে জাতীয় অর্থনৈতিক পরিষদের (এনইসি) সভায় অনুমোদনের জন্য উপস্থাপন করা হবে। পরিকল্পনা কমিশনের কার্যক্রম বিভাগের তথ্য অনুযায়ী, প্রস্তাবিত এডিপির আকার ধরা হয়েছে ৩ লাখ কোটি টাকা। এর মধ্যে সরকারের নিজস্ব অর্থায়ন (জিওবি) ১ লাখ ৯০ হাজার কোটি টাকা এবং বৈদেশিক ঋণ ও অনুদান ১ লাখ ১০ হাজার কোটি টাকা। এছাড়া স্বায়ত্তশাসিত সংস্থা ও করপোরেশনের নিজস্ব অর্থায়নে আরও ৮ হাজার ৯২৪ কোটি টাকা ব্যয় হবে। সব মিলিয়ে মোট উন্নয়ন ব্যয়ের পরিমাণ দাঁড়াবে ৩ লাখ ৮ হাজার ৯২৪ কোটি টাকার বেশি।

এবারের এডিপিতে শিক্ষা, স্বাস্থ্য, পরিবহন ও বিদ্যুৎ খাতকে অগ্রাধিকার দেওয়া হলেও বড় অংশজুড়ে রয়েছে 'থোক বরাদ্দ'। বিভিন্ন মন্ত্রণালয়, বিশেষ উন্নয়ন সহায়তা ও সামাজিক উন্নয়ন সহায়তা মিলিয়ে প্রায় ১ লাখ ১৮ হাজার ২৮৮ কোটি টাকা থোক বরাদ্দ রাখা হয়েছে, যা মোট উন্নয়ন বাজেটের এক-তৃতীয়াংশের বেশি। বিপরীতে সরাসরি প্রকল্পভিত্তিক বরাদ্দ রাখা হয়েছে প্রায় ১ লাখ ৮১ হাজার ৭১১ কোটি টাকা। সবচেয়ে বেশি বরাদ্দ পাচ্ছে পরিবহন ও যোগাযোগ খাতড়৫০ হাজার ৯২ কোটি টাকা, যা মোট এডিপির ১৬ দশমিক ৭০ শতাংশ। শিক্ষা খাতে বরাদ্দ রাখা হয়েছে ৪৭ হাজার ৫৯১ কোটি টাকা, স্বাস্থ্য খাতে ৩৫ হাজার ৫৩৫ কোটি টাকা এবং বিদ্যুৎ ও জ্বালানি খাতে ৩২ হাজার ৬৯১ কোটি টাকা।

স্বাস্থ্য ও শিক্ষা খাতে থোক বরাদ্দের পরিমাণ বিশেষভাবে নজর কেড়েছে। স্বাস্থ্য বিভাগের চলমান প্রকল্পে বরাদ্দ রাখা

৭-এর পাতায় দেখুন

## দুই হত্যা মামলায় হাই কোর্টে আসাদুজ্জামান নূরের জামিন

**নিজস্ব প্রতিবেদক**

সাবেক আওয়ামী লীগ সরকারের সংস্কৃতিমন্ত্রী, অভিনেতা আসাদুজ্জামান নূরকে চব্বিশের আন্দোলন কেন্দ্রিক দুই হত্যা মামলায় জামিন দিয়েছে হাই কোর্ট। বিচারপতি কে এম জাহিদ সারওয়ার ও বিচারপতি শেখ আবু তাহেরের বেঞ্চ রোববার এই আদেশ দেয়।

আদালতে নূরের পক্ষে শুনানি করেন আইনজীবী জেড আই খান পান্না। রাষ্ট্রপক্ষে ছিলেন ডেপুটি অ্যাটর্নি জেনারেল শায়লা শারমিন, সহকারী অ্যাটর্নি জেনারেল মো. আলামিন।

জেড আই খান পান্না বলেন, "এই দুটি মামলায় তিনবার শুনানি করেছি। আগে জামিন প্রশ্নে রুল দিয়েছিল। আজ রুল অ্যাবসলিউট (যথাযথ) করেছে।"

তবে নূরের বিরুদ্ধে আরও মামলা থাকায় এখনই তার মুক্তি মিলছে না বলে জানিয়েছেন এই জ্যেষ্ঠ আইনজীবী।

দুই হত্যা মামলার মধ্যে একটির

৭-এর পাতায় দেখুন



## টিসিবির 'ট্রাকসেল' শুরু আজ, চলবে ১০ দিন

**নিজস্ব প্রতিবেদক**

কোরবানির ঈদ উপলক্ষে সোমবার থেকে ভ্রাম্যমাণ ট্রাকে করে পণ্য বিক্রি শুরু করবে ট্রেডিং করপোরেশন অব বাংলাদেশ (টিসিবি)। আগামী ২১ মে পর্যন্ত ১০ দিন এই কার্যক্রম চলবে বলে রোববার মন্ত্রণালয়ের সংবাদ বিজ্ঞপ্তিতে জানানো হয়েছে। এদিন বিকালে বাণিজ্য মন্ত্রণালয়ের জনসংযোগ কর্মকর্তা কামাল হোসেন বলেন, "টিসিবির কার্ডধারীদের কাছে নিয়মিত ভর্তুকিমূল্যে পণ্য বিক্রির কার্যক্রম চলমান আছে। পাশপাশি ঈদ উপলক্ষে এই ট্রাক সেল কার্যক্রম শুরু হচ্ছে।" বিজ্ঞপ্তিতে বলা হয়, বাণিজ্যমন্ত্রী খন্দকার আব্দুল মুক্তাদির ঢাকার আগারগাঁও এলাকায় এ কার্যক্রম উদ্বোধন করবেন। বিজ্ঞপ্তিতে বলা হয়, দেশে প্রতিদিন ৭২০টি ভ্রাম্যমাণ ট্রাকের মাধ্যমে পণ্য বিক্রি হবে।

১০ দিন (শুক্রবার ব্যতীত) প্রতিটি ট্রাক থেকে চিনি ও মসুর ডালসহ বিভিন্ন পণ্য কিনতে পারবেন ৪০০ জন। ট্রাকসেলের' মাধ্যমে প্রায় ২ কোটি ৮০ লাখ উপকারভোগীর কাছে প্রায় ১৩ হাজার ৯৩৯ মেট্রিক টন পণ্য বিক্রয় করা হবে। যেকোনো ভোক্তা এসব ট্রাক থেকে পণ্য কিনতে পারবেন। রোববার টিসিবির এক আদেশে বলা হয়েছে, ইদুল আজহা উপলক্ষে প্রতিদিন ঢাকা মহানগরীতে ৫০টি (ঢাকা জেলাসহ), চট্টগ্রাম মহানগরীতে ২০টি (চট্টগ্রাম জেলাসহ), অন্য ছয়টি বিভাগীয় শহর এবং সংশ্লিষ্ট জেলায় প্রতিটিতে ১৫টি করে এবং অবশিষ্ট ৫৬টি জেলায় ১০টি করে ট্রাকে পণ্য বিক্রি করা হবে। একজন ভোক্তা ১৩০ টাকা দরে সর্বোচ্চ ২ লিটার ভোজ্য তেল; ৮০ টাকা দরে ১ কেজি চিনি ও ৭০ টাকা দরে সর্বোচ্চ ২ কেজি মসুর ডাল কিনতে পারবেন। ঈদ উপলক্ষে প্রায় ৭২ লাখ টিসিবি কার্ডধারী পরিবারের কাছে চলতি মে মাসে প্রায় ৩৪ হাজার ৮৪৮ মেট্রিক টন পণ্য বিক্রয় করা হবে। কার্ডধারী পরিবারের কাছে প্রতিমাসে ভর্তুকি মূল্যে বিক্রয়কৃত ভোজ্যতেল, চিনি ও মসুর ডালের পরিমাণ ও মূল্য অপরিবর্তিত থাকবে।

## পাশাপাশি কবরে চিরশায়িত মা-তিন মেয়েসহ পাঁচজন, গ্রামজুড়ে শোকের ছায়া

**নিজস্ব প্রতিবেদক**

গাজীপুরে ভাড়া বাসায় খুন হওয়া একই পরিবারের পাঁচজনকে গোপালগঞ্জে নিজ গ্রামের কবরস্থানে দাফন করা হয়েছে। এই পাঁচজনের মধ্যে মা, তার তিন কন্যা এবং ওই নারীর ভাই রয়েছেন। রোববার (১০ মে) সকাল ১১টার দিকে জেলার পাইককান্দি পঞ্চপল্লী মাদরাসা মাঠে তাদের জানাজা অনুষ্ঠিত হয়। পরে বেলা সাড়ে ১১টার দিকে উত্তর চরপাড়া কবরস্থানে একসঙ্গে সারিবদ্ধভাবে পাঁচটি কবরে তাদের দাফন করা হয়।

এর আগে এদিন ভোরের দিকে গ্রামের বাড়িতে নিয়ে আসা হয় লাশগুলো।

জানা যায়, সব আইনি প্রক্রিয়া শেষে দুই লাশবাহী অ্যাম্বুলেন্সে করে পাঁচ নিথর লাশ নিয়ে রোববার ভোর ৬টার দিকে পৌঁছায় গোপালগঞ্জ সদর উপজেলার পাইককান্দি ইউনিয়নের উত্তরপাড়া গ্রামের ফকিরবাড়ীতে। একে একে পাঁচটি নিথর দেহ নামানো হয় অ্যাম্বুলেন্স থেকে। এ সময় পরিবার ও স্বজনদের আহাজারিতে ভারি হয়ে ওঠে আকাশ-বাতাস।

ছয় মাস আগেও যে বাড়ির উঠান আর পাশের বাগানে খেলাধুলা করে বেড়াতো তিন শিশু, সেই বাগানেই মা আর মামার সঙ্গে করানো হচ্ছে শেষ গোসল। নিহতদের শেষবারের মতো দেখতে ফকিরবাড়িতে ভিড় করে আত্মীয়-স্বজন ও গ্রামবাসী। একসঙ্গে একই পরিবারের পাঁচজনের নির্মম মৃত্যুর এমন ঘটনা এর আগে দেখেনি তারা। তাই কেউই চোখের পানি ধরে রাখতে পারেননি। অনেকে চিৎকার করে আর্তনাদ করেছেন। হৃদয়স্পর্শী এমন ঘটনায় পুরো গ্রামজুড়ে নেমে এসেছে শোকের ছায়া।

৭-এর পাতায় দেখুন

## মধ্যপ্রাচ্যের যুদ্ধ যেভাবে বাংলাদেশের জনজীবনে নাড়া দিল

**নিজস্ব প্রতিবেদক**

মধ্যপ্রাচ্যে ইরানের বিরুদ্ধে যুক্তরাষ্ট্র ও ইসরায়েলের চলমান সংঘাতের প্রভাব পড়েছে বাংলাদেশের বিভিন্ন খাতে। যদিও বর্তমানে যুদ্ধবিরতি চলছে, তবুও জনজীবনে যুদ্ধের প্রভাব রয়ে গেছে। এর অর্থনৈতিক ও সামাজিক অভিঘাত ইতোমধ্যে দেশের বাজার, জ্বালানি খাত, রেমিট্যান্স, পরিবহন ও রপ্তানি খাতে স্পষ্ট হয়ে উঠেছে। বিশেষজ্ঞরা বলছেন, যুদ্ধ শেষের পথে হলেও বাংলাদেশের অর্থনীতির ওপর দীর্ঘমেয়াদি চাপ থেকে যাবে।

জ্বালানি খাতে বড় ধাক্কা

বিশ্ববাজারে অপরিশোধিত তেলের দাম বাড়ায় বাংলাদেশে জ্বালানি আমদানির ব্যয় উল্লেখযোগ্যভাবে বেড়েছে। আন্তর্জাতিক বাজারে সরবরাহ ব্যাহত হওয়ায় সরকারকে বেশি দামে তেল ও এলএনজি কিনতে হচ্ছে। এর ফলে দেশে জ্বালানি তেলের দাম ১০ থেকে ১৫ শতাংশ পর্যন্ত বাড়ানো হয়েছে।

হরমুজ প্রণালী দিয়ে জাহাজ চলাচলে জটিলতা তৈরি হওয়ায় বিশ্ববাণিজ্যের অন্যতম গুরুত্বপূর্ণ এই রুট ঝুঁকির মুখে পড়েছে।

কারণ, বিশ্বের প্রায় ২০ শতাংশ তেল ও এলএনজি এই পথ দিয়েই পরিবহন করা হয়। এর প্রভাব পড়েছে বাংলাদেশের বিদ্যুৎ উৎপাদন, শিল্পকারখানা ও পরিবহন খাতে।

৭-এর পাতায় দেখুন

মোহাম্মদপুরে ৯ হত্যা

## নানকসহ ২৮ জনের বিচার শুরু

**নিজস্ব প্রতিবেদক**

জুলাই গণঅভ্যুত্থানের সময় ঢাকার মোহাম্মদপুরে ৯ জনকে হত্যার ঘটনায় মানবতাবিরোধী অপরাধের মামলায় জাহাঙ্গীর কবির নানকসহ ২৮ জনের বিচার শুরুর আদেশ দিয়েছে আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনাল। মামলার সূচনা বক্তব্য ও সাক্ষ্যগ্রহণের জন্য আগামী ৮ জুন দিন ঠিক করা হয়েছে।

রোববার আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনাল-১ এর চেয়ারম্যান বিচারপতি মো. গোলাম মর্তুজা মজুমদার নেতৃত্বাধীন দুই সদস্যের বেঞ্চ এ অভিযোগ গঠন করে। বেঞ্চের অপর সদস্য হলেনড়অবসরপ্রাপ্ত জেলা ও দায়রা জজ মো. মোহিতুল হক এনাম চৌধুরী। ট্রাইব্যুনালে প্রসিকিউশনের পক্ষে উপস্থিত ছিলেন প্রসিকিউটর গাজী এম এইচ তামীম, তারেক আবদুল্লাহ, সহিদুল ইসলাম সরদার ও আবদুস সাত্তার পালোয়ান। শুনানি শেষে প্রধান কৌঁসুলি আমিনুল ইসলাম বলেন, ছাত্র-জনতার ওপর নির্বিচারে প্রাণঘাতী অস্ত্র ব্যবহারের যে 'ওপেন নির্দেশনা' দেওয়া হয়েছিল, তারই অংশ হিসেবে মোহাম্মদপুরে কিশোর ফাইয়াজকে নির্মমভাবে হত্যা করা হয়। ফাইয়াজ হত্যাসহ ১৮ ও ১৯ জুলাইয়ের অন্যান্য ঘটনায় শেখ হাসিনা, তাপসসহ মোট ২৮ জনের বিরুদ্ধে ট্রাইব্যুনালে অভিযোগ গঠন করা হয়েছে। রোববার সকালে এ মামলায় গ্রেপ্তার চার আসামিকে

৭-এর পাতায় দেখুন

## আলিফ হত্যা মামলায় চিন্ময়ের জামিন নাকচ, ৪ মামলার আদেশ আজ

**নিজস্ব প্রতিবেদক**

চট্টগ্রামে আইনজীবী সাইফুল ইসলাম আলিফ হত্যা মামলায় বাংলাদেশ সম্মিলিত সনাতনী জাগরণ জোটের মুখপাত্র চিন্ময় কৃষ্ণ দাস ব্রহ্মচারীর জামিন আবেদন নাকচ করে দিয়েছে হাই কোর্ট। তার বিরুদ্ধে থাকা আরো চার মামলায় জামিন বিষয়ে আদেশের জন্য সোমবার দিন ধার্য করেছে আদালত। জামিন প্রশ্নে আগে জারি করা রুল খারিজ করে বিচারপতি কে এম জাহিদ সারওয়ার ও বিচারপতি শেখ আবু তাহেরের বেঞ্চ রোববার এ আদেশ দেয়। হত্যাসহ পৃথক পাঁচটি মামলায় চিন্ময় দাসের জামিন প্রশ্নে জারি করা রুলের ওপর শুনানি শেষ হয় গত বৃহস্পতিবার।

ওই দিন আদালতে চিন্ময় দাসের পক্ষে শুনানিতে ছিলেন আইনজীবী অপূর্ব কুমার ভট্টাচার্য। শুনানি শেষে আদালত আদেশের জন্য রোববার দিন ধার্য করেছিল।

জাতীয় পতাকা অবমাননার অভিযোগে দায়ের করা রাষ্ট্রদ্রোহ মামলায় গত বছরের ৩০ এপ্রিল হাই কোর্ট থেকে জামিন পান চিন্ময়। কিন্তু এরপরই তাকে আইনজীবী হত্যাসহ এই পাঁচ মামলায় গ্রেপ্তার দেখানো হয়। পরে এসব মামলায় গত বছরের ১ সেপ্টেম্বর তার জামিন প্রশ্নে রুল জারি করেছিল হাই কোর্ট।

সবশেষ চলতি বছরের ১৬ এপ্রিল বিএনপি নেতা মীর মোহাম্মদ নাছির উদ্দীনের করা প্রায় তিন বছর আগের একটি

৭-এর পাতায় দেখুন



## চাঁদপুরের দুই সেচ প্রকল্পে বোরোর ব্যাপক ফলন

**নিজস্ব প্রতিবেদক**

জেলার দুটি সেচ প্রকল্প মেঘনা ধনাগোদা ও চাঁদপুর সেচ প্রকল্পের সুবাদে বোরো ধানের ব্যাপক ফলন হয়েছে। এ বছর দুটি প্রকল্পে ১৬ হাজার ৬২ হেক্টর জমিতে বোরোর আবাদ হয়েছে। ইতোমধ্যে ২২ থেকে ৫৫ ভাগ জমির ধান কাটা হয়েছে।

প্রাকৃতিক দুর্যোগে কিছুটা ক্ষতিগ্রস্ত হলেও দুটি সেচ প্রকল্পের আওতাধীন এলাকায় ধানের ফলন ভালো হয়েছে বলে জানালেন কৃষকেরা। এবারের ফলনে খুশি তারা। পরিশ্রম সফল হয়েছে। 'চাঁদপুর সেচ প্রকল্প' ও 'মেঘনা ধনাগোদা সেচ প্রকল্প' চাঁদপুর জেলার ধান ও রবিশস্য উৎপাদনে সহায়ক ভূমিকা পালন করে আসছে। আবহাওয়া অনুকূলে থাকায় এ বছর বোরো ধানের ব্যাপক ফলন হয়েছে। কৃষকেরা ধান কাটা, মাড়াই ও শুকানোর কাজে এখন ব্যস্ত সময় পার করছেন।

জেলা কৃষি অফিস সূত্রে জানা যায়, চাঁদপুর সেচ প্রকল্পের আওতাধীন সদর, ফরিদগঞ্জ ও হাইমচর উপজেলায় বোরোর আবাদ হয়েছে ১০ হাজার ৮৬২ হেক্টর জমিতে। ইতোমধ্যে এসব জমির অর্ধেকের বেশি ধান কাটা হয়েছে। আজ ১০ মে পর্যন্ত প্রায় ৫৫ ভাগ ধান কাটা হয়ে গেছে।

অন্যদিকে মতলব উত্তর উপজেলায় মেঘনা ধনাগোদা সেচ প্রকল্পের আওতাধীন ৫ হাজার ২০০ হেক্টর জমিতে বোরো আবাদ হয়েছে। আজ পর্যন্ত এই প্রকল্পের প্রায় ২৫ ভাগ ধান কাটা হয়েছে। ফরিদগঞ্জ উপজেলার দক্ষিণ দেইচর গ্রামের কৃষক আমিনুল ইসলাম (৫৫) বলেন, তিনি এ বছর ১ একর ২০ শতাংশের দুটি জমিতে বোরো আবাদ করেছেন। তার ধান কাটা প্রায় শেষের দিকে এবং ফলনও ভালো হয়েছে। একই গ্রামের কৃষক তাহের সর্দার (৪৮) বলেন, তিনি ৪০

৭-এর পাতায় দেখুন

## যুদ্ধ অবসানে যুক্তরাষ্ট্রের প্রস্তাবের জবাব দিয়েছে ইরান

**নিজস্ব প্রতিবেদক**

পশ্চিম এশিয়ায় যুদ্ধ অবসানে যুক্তরাষ্ট্রের দেওয়া প্রস্তাবে নিজেদের জবাব পাঠিয়েছে ইরান।

রোববার মধ্যস্থতাকারী দেশ পাকিস্তানের মাধ্যমে এই জবাব পাঠানো হয়েছে বলে জানিয়েছে ইরানের রাষ্ট্রীয় বার্তা সংস্থা ইরনা।

জবাবে ইরান জানিয়েছে, তারা চলমান যুদ্ধ বন্ধ করা এবং পারস্য উপসাগরসহ গুরুত্বপূর্ণ হরমুজ প্রণালির সামুদ্রিক নিরাপত্তার ওপর জোর দিচ্ছে।

হরমুজ প্রণালি নিয়ে আলোচনার আগে ইরান এই বিষয়গুলোতে যুক্তরাষ্ট্রের কাছ থেকে পূর্ণ নিশ্চয়তা চায়।

দুই পক্ষ থেকে কয়েকটি সূত্র বার্তা সংস্থা রয়টার্সকে বলেছে, সর্বসাম্প্রতিক শান্তি প্রচেষ্টার লক্ষ্য হচ্ছে যুদ্ধ বন্ধে একটি অস্থায়ী সমঝোতা স্মারকে উপনীত হওয়া এবং পূর্ণাঙ্গ একটি চুক্তির জন্য (যে চুক্তিতে পারমাণবিক কর্মসূচির মতো কণ্টকাকীর্ণ বিষয়ও থাকবে) আলোচনা চলার সময়ে হরমুজ প্রণালিতে জাহাজ চলাচল চালু রাখা। এই পর্যায়ে সমঝোতার বিষয়টি হতে পারে আস্থা গড়ে তোলার একটি পদক্ষেপ। সংবাদমাধ্যম আল-জাজিরা জানিয়েছে, যুক্তরাষ্ট্রের প্রস্তাবে ইরান 'হ্যাঁ বা না জবাব' দেয়নি।

বরং ইরান যুক্তরাষ্ট্রের প্রস্তাবের বিষয়ে নিজেদের দৃষ্টিভঙ্গি স্পষ্ট করে ব্যাখ্যা করেছে বলে

৭ এর পাতায় দেখুন


ভারপ্রাপ্ত সম্পাদক: **মো. ফিরোজ আহমেদ মোল্লা,** প্রকাশক কর্তৃক বি,এস, প্রিন্টিং প্রেস, ৫২/২ টয়েনবী সার্কুলার রোড, ঢাকা-১২০৩ থেকে মুদ্রিত ও ৮৭ পুরানো পল্টন টাওয়ার, পুরানো পল্টন লেন থেকে প্রকাশিত। **সম্পাদকীয় কার্যালয়:** ২৬ দেলোয়ার কমপ্লেক্স (৫ম তলা), টিকাটুলী, ঢাকা-১২০৩। মোবাইল: ভারপ্রাপ্ত সম্পাদক-০১৭১৫৬৯৩৭৫৩, ০১৩১৩৮৪৬৫২৫, নির্বাহী সম্পাদক: **আব্দুল হালিম সাগর,** ০১৭২২-০৬২২৭৪, E-mail: dailyporzobekkhonbd@gmail.com

## ‘মব’ কালচার বন্ধে আইন

করা হবে। রাজধানীর রাজারবাগ পুলিশ মিলনায়তনে 'পুলিশ সপ্তাহ-২০২৬' উদযাপন উপলক্ষে রোবার 'প্রধানমন্ত্রীর বিশেষ কল্যাণ সভায় এ কথা বলেন তিনি। এ সময় পুলিশ বাহিনীকে একটি জনকল্যাণমুখী ও আধুনিক বাহিনী হিসেবে গড়ে তোলার লক্ষ্যে সরকারের আর্থিক সঙ্গতি ও সক্ষমতা বিবেচনায় তাদের যৌক্তিক দাবিসমূহ পূরণের আশ্বাসও দিয়েছেন তিনি। অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন প্রধানমন্ত্রী তারেক রহমান; এছাড়া স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের সিনিয়র সচিব মনজুর মোর্শেদ চৌধুরী, আইজিপি মো. আলী হোসেন ফকির, অতিরিক্ত আইজিপি (ক্রাইম এণ্ড অপারেশনস) খন্দকার রফিকুল ইসলাম বক্তব্য রাখেন।

স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের এক বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়। পুলিশের পদোন্নতি নিয়ে মন্ত্রী বলেন, "বর্তমানে অনেক পুলিশ কনস্টেবলরা ৪০ বছর চাকরি করে অবসর গ্রহণ করেও পরবর্তী পদোন্নতি পান না। সেজন্য বিশেষ নীতিমালা ও সন্তোষজনক চাকরির রেকর্ড বিবেচনায় অবসরকালীন সময়ে কিছু সংখ্যক পুলিশ সদস্যকে কনস্টেবল থেকে অনারারি সহকারী উপপরিদর্শক (এএসআই) পদে, সহকারী উপপরিদর্শক (এএসআই) থেকে অনারারি উপপরিদর্শক (এসআই) পদে এবং উপপরিদর্শক (এসআই) থেকে অনারারি পরিদর্শক (ইন্সপেক্টর) পদে পদোন্নতি দেওয়া হবে। পুলিশিং কার্যক্রমকে আরো গতিশীল ও কার্যকর করতে অতিরিক্ত কর্মঘণ্টায় দায়িত্ব পালনকারী পুলিশ সদস্যদের জন্য বিশেষ নীতিমালার ভিত্তিতে ‘ওভারটাইম ভাতা প্রদানের কথা সরকার ভাবছে’ বলেও জানিয়েছেন তিনি।

ওভারটাইমের কারণে মনোবল বৃদ্ধি ও সেবার মান উন্নয়নে সহায়ক হবে জানিয়ে তিনি বলেন, "এক্ষেত্রে পুলিশের ইন্সপেক্টর থেকে নিম্নে কনস্টেবল পদ পর্যন্ত ওভারটাইম ভাতা বিবেচনা করা হতে পারে। তিনি পুলিশ হাসপাতাল আরো আধুনিক ও যুগোপযোগী করে গড়ে তোলার এবং আবাসিক সমস্যা দূর করণে বর্তমান সরকার আন্তরিক বলে মনে করেন সালাহউদ্দিন আহমদ। বিগত দুই মাসে দেশে আইনশৃঙ্খলা পরিস্থিতির দৃশ্যমান উন্নতি হয়েছে বলেও দাবি করেন মন্ত্রী।

তিনি বলেন, "আইনশৃঙ্খলা পরিস্থিতি আরো উন্নত করতে চিহ্নিত সন্ত্রাসী, চাঁদাবাজ ও মাদক কারবারিদের বিরুদ্ধে বিশেষ অভিযান চলছে। জুয়া, অনলাইন জুয়া, সাইবার ক্রাইম ও মানি লন্ডারিং প্রতিরোধে আরো যুগোপযোগী আইন প্রণয়নের জন্য ইতোমধ্যে একটি কমিটি গঠন করা হয়েছে। এ কমিটির সুপারিশ অনুযায়ী আইন প্রণয়ন করা হবে। মন্ত্রী এ সময় পুলিশ বাহিনীকে জনপ্রত্যাশা ও জনআকাঙ্ক্ষা অনুয়ায়ী দায়িত্ব পালনের নির্দেশ দেন।

## তরুণ প্রজন্মকে ডিজিটাল

নৈতিক শিক্ষায়ও শিক্ষিত করে গড়ে তুলতে হবে।

তিনি আরও বলেন, তরুণদের মনোজগতে নৈতিকতার মজবুত ভিত্তি না থাকলে মেধা ও প্রযুক্তির সঠিক ব্যবহার নিশ্চিত করা সম্ভব নয়।

গতকাল রোববার রাজধানীর ড্যাফোডিল টাওয়ার মিলনায়তনে বাংলাদেশ ছাত্রকল্যাণ ট্রাস্ট আয়োজিত ‘সবার আগে বাংলাদেশ দর্শন বাস্তবায়নে নৈতিক শিক্ষার ভূমিকা’ শীর্ষক জাতীয় সেমিনার ও শিক্ষাবৃত্তি অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন।

তথ্যমন্ত্রী বলেন, বর্তমান সমাজ ও অর্থনীতি দ্রুত ডিজিটালাইজড হয়ে যাচ্ছে। ব্যক্তিগত সংযোগ থেকে শুরু করে ব্যবসা-বাণিজ্য, সবই এখন ডিজিটাল প্ল্যাটফর্ম নির্ভর। তবে দেশের অনেক কাঠামো এখনও সেই গতির সঙ্গে তাল মেলাতে পারছে না। তিনি বলেন, ‘আমাদের রাষ্ট্রকে দ্রুত আধুনিক ডিজিটাল চরিত্রে রূপান্তর করতে হবে। একইসঙ্গে সোশ্যাল মিডিয়ায় তরুণদের মূল্যবোধ তৈরিতে সহায়ক কনটেন্ট প্রচারের ওপর গুরুত্ব দিতে হবে।’

৫ আগস্টের রাজনৈতিক পরিবর্তনের প্রেক্ষাপট তুলে ধরে মন্ত্রী বলেন, একজন রাষ্ট্রনায়ক বা দায়িত্বশীল ব্যক্তির যদি নৈতিক মানদণ্ড ঠিক না থাকে, তবে তার পরিণতি ভালো হয় না। তিনি বলেন, ‘জন্মগতভাবে মানুষের মধ্যে যে পাশবিক প্রবৃত্তি থাকে, তাকে নিয়ন্ত্রণের জন্য শৈশব থেকেই সুকুমার বৃত্তির চর্চা প্রয়োজন। আমাদের শিক্ষাব্যবস্থা ও কারিকুলামে নৈতিক শিক্ষার প্রতিফলন থাকতে হবে, যাতে শিক্ষার্থীরা ছোটবেলা থেকেই উন্নত মনস্তত্ত্ব নিয়ে বড় হতে পারে।’

জহির উদ্দিন স্বপন আরও বলেন, অতীতে দেশে দুর্বৃত্তায়নের সংস্কৃতি ছিল, সেসময় ভালো কোনো উদ্যোগ বা সমস্যা নিয়ে কথা বলার পরিবেশ ছিল না। বর্তমানে সেই রুদ্ধশ্বাস পরিস্থিতি থেকে দেশ মুক্ত হয়েছে এবং মুক্ত আলোচনার পরিবেশ তৈরি হয়েছে। এই সুযোগকে কাজে লাগিয়ে একটি নৈতিক সমাজ গঠনে সবাইকে এগিয়ে আসার আহ্বান জানান তিনি। বাংলাদেশ ছাত্রকল্যাণ ট্রাস্টের ভাইস চেয়ারম্যান অধ্যাপক ড. আব্দুল লতিফ মাসুমের সভাপতিত্বে অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে বক্তব্য দেন প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান প্রতিমন্ত্রী নুরুল হক। অনুষ্ঠানে আরও বক্তব্য দেন বাংলাদেশ ছাত্রকল্যাণ ট্রাস্টের চেয়ারম্যান ও সাবেক তত্ত্বাবধায়ক সরকারের উপদেষ্টা অধ্যাপক মো. মঈনউদ্দিন খান এবং ড্যাফোডিল ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটির চেয়ারম্যান ড. মো. সবুর খান। সেমিনার শেষে মন্ত্রী কৃতি শিক্ষার্থীদের হাতে শিক্ষাবৃত্তির চেক তুলে দেন।

## নৌপথে ঈদযাত্রা নিরাপদ

সেতু এবং রেলপথ মন্ত্রী শেখ রবিউল আলম।

রোববার (১০ মে) রাজধানীর ইস্কাটন গার্ডেন রোডের ঢাকা লেডিস ক্লাবে নৌপরিবহন অধিদপ্তর আয়োজিত ‘নৌ নিরাপত্তা সপ্তাহ ২০২৬’-এর উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি এ কথা বলেন। নৌপথে নিরাপত্তা জোরদার, দুর্ঘটনা প্রতিরোধ এবং জনসচেতনতা বৃদ্ধির লক্ষ্যে আজ থেকে ঢাকায় সপ্তাহব্যাপী ‘নৌ নিরাপত্তা সপ্তাহ ২০২৬’ শুরু হয়েছে। এবারের প্রতিপাদ্য নির্ধারণ করা হয়েছেড় ‘বিপদমুক্ত নৌযাত্রা, জানমালের সুরক্ষা’।

মন্ত্রী বলেন, নদীমাতৃক বাংলাদেশে নৌপথ মানুষের জীবন ও জীবিকার অবিচ্ছেদ্য অংশ। তবে নৌদুর্ঘটনা এখনও একটি বড়ো চ্যালেঞ্জ। এ চ্যালেঞ্জ মোকাবিলায় সরকার, নৌযান মালিক, চালক ও যাত্রীড়সবাইকে সম্মিলিতভাবে দায়িত্বশীল ভূমিকা পালন করতে হবে।

তিনি আরও বলেন, সরকার এরইমধ্যে নৌযানের ফিটনেস নিশ্চিত করা, চালকদের প্রশিক্ষণ এবং নৌপথ চিহ্নিত করার আধুনিক প্রযুক্তির ব্যবহার শুরু করেছে। একইসঙ্গে নৌপথে নজরদারি ও আইন প্রয়োগ কার্যক্রম আরও জোরদার করা হচ্ছে। আমরা চাই প্রতিটি নৌযাত্রা নিরাপদ হোক এবং প্রতিটি পরিবার নিরাপদে গন্তব্যে পৌঁছাক বলেও জানান তিনি।

দেশের নৌপথকে শতভাগ নিরাপদ ও যাত্রীবান্ধব করে গড়ে তুলতে সরকার বদ্ধপরিকর উল্লেখ করে মন্ত্রী নৌযান পরিচালনায় নিয়ম-নীতি মেনে চলা, অতিরিক্ত যাত্রী বহন বন্ধ এবং প্রতিটি নৌযানে প্রয়োজনীয় নিরাপত্তা সরঞ্জাম নিশ্চিত করার ওপর গুরুত্বারোপ করেন। তিনি বলেন, প্রযুক্তিনির্ভর মনিটরিং ব্যবস্থা, নিবন্ধন কার্যক্রম এবং জনসচেতনতা বৃদ্ধির উদ্যোগ ভবিষ্যতেও অব্যাহত থাকবে। অনুষ্ঠানে বিশেষ অতিথির বক্তব্যে নৌপরিবহন মন্ত্রণালয় ও সেতু বিভাগের প্রতিমন্ত্রী মো. রাজিব আহসান বলেন, সচেতনতা ও দায়িত্বশীলতার মাধ্যমে নৌপথে দুর্ঘটনা শূন্যের কোটায় নামিয়ে আনা সম্ভব এবং ঈদযাত্রাকে সামনে রেখে অনুমোদন ও ফিটনেসবিহীন নৌযান চলাচল বন্ধে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ ও নৌপুলিশকে কঠোর নির্দেশনা দেন তিনি। এছাড়া নৌপরিবহন সচিব জাকারিয়া বলেন, সারা দেশে পরিচালিত নৌযান শুমারির মাধ্যমে বিপুলসংখ্যক অনিবন্ধিত নৌযান শনাক্ত করা হয়েছে এবং সেগুলোকে দ্রুত নিবন্ধনের আওতায় আনতে কার্যক্রম চলমান রয়েছে।

## মানদণ্ড না মানলে

উদ্বোধনী সভায় প্রধান অতিথির বক্তব্যে তিনি এ কথা বলেন।

দেশের অনানুষ্ঠানিক খাতের উদ্যোক্তাদের সক্ষমতা বৃদ্ধি ও টেকসই কর্মসংস্থান সৃষ্টির লক্ষ্যে বিশ্ব ব্যাংক ও পিকেএসএফের যৌথ অর্থায়নে ‘রেইজ’ প্রকল্পের বাস্তবায়ন হচ্ছে।

প্রকল্পটির আওতায় এ পর্যন্ত প্রায় ২ লাখ ৫ হাজার কর্মহীন তরুণকে প্রশিক্ষণ ও ঋণ সহায়তা দেওয়া হয়েছে। এর সম্প্রসারিত ধাপে আরও ২ লাখ তরুণ ও ক্ষুদ্র উদ্যোক্তাকে দক্ষতা উন্নয়ন ও আর্থিক সহায়তা দেওয়া হবে। নারীদের শ্রমশক্তিতে অংশগ্রহণ বাড়াতে সম্প্রসারিত প্রকল্পে ১ হাজার ৬০০ নারীকে হোম বেজড চাইল্ডকেয়ার উদ্যোক্তা প্রশিক্ষণ দেওয়া হবে। প্রকল্প সংশ্লিষ্টদের তথ্য অনুযায়ী, ২০৩০ সালের মধ্যে প্রকল্পের আওতায় সরাসরি উপকৃত হবেন ৪ লাখ ২৩ হাজার ১০০ জন। দ্বিতীয় পর্যায়ে চর, হাওর, পার্বত্য ও উপকূলীয় এলাকার তরুণদের অগ্রাধিকার দেওয়া হবে। পাশাপাশি দলিত, ক্ষুদ্র নৃগোষ্ঠী ও প্রতিবন্ধী তরুণদের অন্তর্ভুক্তিতেও গুরুত্ব দেওয়া হবে।

প্রকল্প বাছাইয়ে সরকারের অবস্থান ব্যাখ্যা করে আমির খসরু বলেন, বিগত দিনের দুর্নীতি ও অপচয়ের অভিজ্ঞতা থেকে সরকার নতুন মানদণ্ড তৈরি করেছে।

তিনি বলেন, “কোনো প্রকল্পে ভ্যালু ফর মানি ও বিনিয়োগের রিটার্ন আছে কি না, তা দেখা হবে। পাশাপাশি প্রকল্পটি কর্মসংস্থান সৃষ্টি করছে কি না এবং পরিবেশগত দিক থেকে গ্রহণযোগ্য কি না, তাও বিবেচনায় নেওয়া হবে। “আমাদের একটা অ্যাকাউন্টেবিলিটি থাকতে হবে যে প্রত্যেকটা প্রজেক্ট করার পেছনে একটা চিন্তা, ধারণা, আউটপুট এবং এটার বেনিফিট জনগণকেও জানতে হবে। আমি জানলে তো হবে না। সাধারণ মানুষকে জানতে হবে আসলে প্রত্যেকটা প্রজেক্টের পেছনে ভাবনাটা কী আছে।”

পরিকল্পনা কমিশনে এখন ১ হাজার ৩০০ প্রকল্প রয়েছে জানিয়ে অর্থমন্ত্রী বলেন, “অনেক প্রকল্পে ভ্যালু ফর মানি নেই; রিটার্ন অন ইনভেস্টমেন্ট, এমপ্লয়মেন্ট বা কর্মসংস্থান বিবেচনায় নেওয়া হয়নি। “আমরা অনেকগুলো প্রজেক্ট বাদ দিয়ে দিচ্ছি। আমরা সিলেক্ট করছি যে প্রজেক্টগুলো এই মানদণ্ডটা মিট করবে।”

পিকেএসএফের ভূমিকার প্রশংসা করে তিনি বলেন, “পিকেএসএফের রোল ভেরি ইমপ্রেসিভ, খুবই ইমপ্রেসিভ।” ‘অর্থনীতির গণতন্ত্রায়নকে’ সরকারের রাজনৈতিক ও অর্থনৈতিক দর্শনের অংশ হিসেবে তুলে ধরেন আমির খসরু। তিনি বলেন, শুধু রাজনীতিতে গণতন্ত্র থাকলে হবে না; অর্থনীতিতেও মানুষের অংশগ্রহণ নিশ্চিত করতে হবে।

“এটার অর্থ হচ্ছে বাংলাদেশের প্রত্যেকটি নাগরিকের বাংলাদেশের অর্থনীতিতে অংশগ্রহণ করার একটা অধিকার আছে। তারা যাতে পার্টিসিপেট করতে পারে।”

অর্থনীতির গণতন্ত্রায়নের তিনটি দিক তুলে ধরে তিনি বলেন, প্রত্যেক নাগরিকের অর্থনীতিতে অংশগ্রহণের সুযোগ থাকা, অর্থনীতির সুফল মানুষের কাছে পৌঁছানো এবং যারা দীর্ঘদিন অর্থনৈতিক পরিকল্পনা ও কর্মসূচির বাইরে ছিল, তাদের যুক্ত করাই সরকারের লক্ষ্য। “খুব কঠিন বাংলাদেশে। বলা যত সহজ, কাজ করা অত সহজ নয়। আমরা এটা করব, আমাদের প্রোগ্রাম এবং এটা আমরা সামনের দিকে এগিয়ে নিয়ে যাব।” বিগত দিনের ‘অলিগার্কিক’ ও পৃষ্ঠপোষকতার অর্থনীতির কারণে সাধারণ মানুষ অর্থনীতির মূল স্রোত থেকে বাইরে থেকেছে মন্তব্য করে অর্থমন্ত্রী বলেন, দারিদ্র্য এখনও বাড়ছে। সে কারণে সরকার সামাজিক কর্মসূচি ও জনকল্যাণকে অগ্রাধিকার দিচ্ছে।

“আপনারা দেখেছেন, আমরা কিন্তু সরকারে আসার পরে কোনো মেগা প্রজেক্ট, কোনো বিশাল বিশাল কর্মকাণ্ডে যাচ্ছি না। আমরা কিন্তু সোশাল প্রোগ্রামে যাচ্ছি।” ফ্যামিলি কার্ড কর্মসূচির উদাহরণ দিয়ে অর্থমন্ত্রী বলেন, ঘর পরিচালনা করা নারীদের স্বীকৃতি ও ক্ষমতায়নের কথা ভেবে সরাসরি তাদের হাতে অর্থ পৌঁছে দেওয়ার উদ্যোগ নেওয়া হয়েছে। তিনি বলেন, “যে ভদ্রমহিলা ঘর পরিচালনা করে, সারাদিন সবার টেক কেয়ার করছে, তার কিন্তু ঘরেও কোনো সম্মান নাই, সমাজেও কোনো সম্মান নাই। অথচ ঘরটা আসলে তিনিই চালাচ্ছেন।” তার ভাষায়, ফ্যামিলি কার্ডের মাধ্যমে নারীর হাতে সরাসরি অর্থ গেলে পরিবার ও সমাজে তার ক্ষমতায়ন হবে। পাশাপাশি স্থানীয় অর্থনীতিতে ব্যয় বাড়বে। “তার ক্রয়ক্ষমতা কমে গিয়েছিল, তার ক্রয়ক্ষমতা একটু বাড়বে। এটা লোকাল ইকোনমিতে খরচ হবে। এটার একটা মাল্টিপ্লায়ার ইকোনমিক এফেক্ট আছে।”

কৃষকদের জন্য সরাসরি সহায়তার কথাও বলেন অর্থমন্ত্রী। তিনি বলেন, বিভিন্ন ব্যাংক ঋণ সবার কাছে সমানভাবে পৌঁছায় না। তাই কৃষক কার্ডের মাধ্যমে সরাসরি সহায়তা দিলে কৃষক সার, বীজসহ মৌলিক চাহিদা মেটাতে পারবেন। স্বাস্থ্যসেবায় ব্যক্তির নিজস্ব ব্যয়ের চাপ কমানোর কথাও বলেন তিনি।

অর্থমন্ত্রী বলেন, “বাংলাদেশের কিন্তু নিজের স্বাস্থ্য সেবার ক্ষেত্রে আউট অফ পকেট এক্সপেন্ডেচার দুনিয়াতে আফগানিস্তানের চেয়েও বেশি, সেটা লজ্জাকর ব্যাপার।” তিনি জানান, সরকার প্রাথমিক ও প্রতিরোধমূলক স্বাস্থ্যসেবা ‘সার্বজনীন’ করার দিকে যাচ্ছে। আগামী বাজেটে স্বাস্থ্য, শিক্ষা ও সামাজিক খাতে ব্যয় বৃদ্ধির প্রতিফলন দেখা যাবে।

জনমিতিক সুবিধা কাজে লাগানোর সময় কমে আসছে মন্তব্য করে আমির খসরু বলেন, বাকি সময়টুকু ভালোভাবে ব্যবহার করতে হলে দক্ষতা, স্বাস্থ্য, শিক্ষা ও কর্মসংস্থানে বিনিয়োগ বাড়াতে হবে। তিনি বলেন, “ডেমোগ্রাফিক ডিভিডেন্ডের যে উইন্ডোটা বাকি সময় আছে আমরা এটাকে পরিপূর্ণভাবে ব্যবহার করতে চাই।”

সৃজনশীল অর্থনীতিকে সরকারের নতুন ভাবনার অংশ হিসেবে তুলে ধরে অর্থমন্ত্রী বলেন, এ ক্ষেত্রে পিকেএসএফের কর্মকাণ্ডের সঙ্গে সরকারের দর্শন ও অর্থনৈতিক কর্মসূচির মিল রয়েছে। কামার, কুমার, কুটিরশিল্পী ও তাঁতিদের উদাহরণ দিয়ে তিনি বলেন, প্রজন্মের পর প্রজন্ম ধরে কাজ করলেও তাদের জীবনযাত্রার মান খুব বেশি এগোয়নি।

“আমরা তাদেরকে ফান্ডিং সাপোর্ট থেকে শুরু করে স্কিল ডেভেলপমেন্ট, ডিজাইন সাপোর্ট, ব্র্যান্ডিং থেকে করে একেবারে মার্কেটিং, অ্যামাজন, আলীবাবা প্ল্যাটফর্ম পর্যন্ত নিয়ে যেতে চাই।” এসব পণ্যকে বাজারজাত করার যোগ্য পণ্য হিসেবে স্থানীয় ও আন্তর্জাতিক বাজারে নেওয়ার ভাবনার কথা বলেন তিনি।

শীতল পাটির উদাহরণ দিয়ে আমির খসরু বলেন, বরিশালে তিনি দেখেছেন একটি এলাকায় শীতল পাটি তৈরি হলেও পণ্যের নকশা, ব্র্যান্ডিং ও বাজার সংযোগের অভাবে উৎপাদকরা বেশি দাম পাচ্ছেন না। তিনি বলেন, “একটা ডিজাইনের ওপর একটা প্রোডাক্টের দাম তিন গুণ হয়ে যেতে পারে।”

এ ক্ষেত্রে ‘ওয়ান ভিলেজ, ওয়ান প্রোডাক্ট’ ধারণা আনার কথা বলেন অর্থমন্ত্রী। তিনি বলেন, কোনো গ্রাম যদি শীতল পাটি তৈরি করে, তাহলে তাদের ঋণ, দক্ষতা উন্নয়ন, ডিজাইন, ব্র্যান্ডিং ও অনলাইনে সরাসরি বিক্রির সুযোগ দেওয়া যায়। থাইল্যান্ডে এ ধরনের উদ্যোগের অভিজ্ঞতার কথা তুলে ধরে আমির খসরু বলেন, সেখানে ঘরে বসে উৎপাদন হলেও সরকারি সহায়তায় পণ্য সংগ্রহ, প্যাকেজিং ও বৈশ্বিক বাজারে পৌঁছানোর ব্যবস্থা গড়ে উঠেছে। সরকার প্রকল্প নিতে পারলেও মাঠপর্যায়ে বাস্তবায়নে বেসরকারি খাত ও এনজিওর ভূমিকা জরুরি বলে মন্তব্য করেন অর্থমন্ত্রী। তিনি বলেন, “সরকার তো প্রজেক্ট করতে পারে, ডেলিভারি করতে পারে না, আনফরচুনেটলি। সো ডেলিভারি ইজ এ বিগ ইস্যু।”

এ কারণে ‘ডেলিভারি’ নিশ্চিত করতে এনজিও ও বেসরকারি খাতকে যুক্ত করার বিষয়ে ইতোমধ্যে আলোচনা হয়েছে বলে জানান অর্থমন্ত্রী।

তিনি বলেন, সৃজনশীল শিল্প, কুটিরশিল্প, থিয়েটার, সংগীত ও খেলাধুলাকেও অর্থনীতির অংশ হিসেবে দেখতে হবে। জিডিপি শুধু উৎপাদনশিল্পের ওপর নির্ভর করে না; সেবা, সংস্কৃতি ও খেলাধুলার অর্থনীতিও কর্মসংস্থান ও আয় সৃষ্টি করে। দেশের অর্থনীতিকে অংশগ্রহণমূলক করার লক্ষ্য তুলে ধরে তিনি বলেন, এটি কোনো রাজনৈতিক দলের বিষয় নয়, সরকারের একার বিষয়ও নয়; সবাইকে যুক্ত করতে হবে। “সকলকে ইনভলভ করতে হবে, সকলকে এটার সুযোগ, এটার সুফল পেতে হবে।”

## মার্কিন আদালতের রায়েও বহাল

এরইমধ্যে গত ৮ মে আদালতের এই রায়ের বিরুদ্ধে আপিলও করেছে। স্থানীয় গণমাধ্যম সূত্রে জানা গেছে, এই মামলাটি সেকশন-১২২ সংক্রান্ত। তবে আদালতের রায়ের ফলে শুধু মামলাটির তিন বাদি প্রতিষ্ঠানের বাড়তি শুল্ক নেওয়া বন্ধ রাখা হয়েছে। এখন পরিস্থিতি এমন যে, যদি ট্রাম্প প্রশাসনের আপিল মঞ্জুর হয়, তাহলে দেশটির অন্যান্য আমদানিকারক আগে দেওয়া ১০ শতাংশ শুল্ক আর ফেরত পাবেন না। আর যদি আপিল খারিজ হয়ে যায়, তাহলে যারা শুল্ক দিয়েছেন, তারা তা ফেরত পাওয়ার জন্য আবেদন করতে পারবেন। যারা ইতোমধ্যে আবেদন করেছেন বা প্রক্রিয়ায় আছেন, তাদের ক্ষেত্রেও একই নিয়ম প্রযোজ্য হবে।

বাণিজ্য বিশ্লেষকদের মতে, এই রায় যুক্তরাষ্ট্রের শুল্কনীতিকে ঘিরে নতুন এক অনিশ্চয়তার জন্ম দিয়েছে। কারণ আদালত শুল্ককে অবৈধ বললেও তাৎক্ষণিকভাবে সবার জন্য বাতিল করেননি। ফলে ব্যবসায়ীরা বুঝতে পারছেন না ভবিষ্যতে আমদানি ব্যয়, মূল্য নির্ধারণ এবং সরবরাহ ব্যবস্থায় কী ধরনের পরিবর্তন আসতে পারে। এ প্রসঙ্গে বিজিএমইএ’র সাবেক পরিচালক মহিউদ্দিন রুবেল বলেন, গত ৭ মে যুক্তরাষ্ট্রের আদালতের রায়ে সবার জন্য ১০ শতাংশ পাল্টা শুল্ক বাতিল হয়নি। আদালত কেবল নির্দিষ্ট একটি মামলার তিন বাদীর ক্ষেত্রে এই শুল্ক স্থগিত এবং অর্থ ফেরতের নির্দেশ দিয়েছেন। ফলে অন্য সব আমদানিকারকের জন্য ১০ শতাংশ শুল্ক এখনও বহাল রয়েছে। তবে উচ্চ আদালতে নতুন সিদ্ধান্ত এলে বা ভবিষ্যতে আরও মামলার মাধ্যমে রায়ের পরিধি বাড়লে পরিস্থিতি পরিবর্তন হতে পারে।’

তিনি বলেন, যুক্তরাষ্ট্রের বাজারে বাংলাদেশের তৈরি পোশাক রফতানিকারকদের জন্য বিষয়টি অত্যন্ত গুরুত্বপূর্ণ। কারণ শুল্কসংক্রান্ত যেকোনও অনিশ্চয়তা ক্রেতাদের অর্ডার, মূল্য নির্ধারণ এবং দীর্ঘমেয়াদি ব্যবসায়িক পরিকল্পনায় প্রভাব ফেলে। বিশ্লেষকরা বলছেন, ট্রাম্প প্রশাসন দ্বিতীয় মেয়াদে দায়িত্ব নেওয়ার পর যুক্তরাষ্ট্রের বাণিজ্য ঘাটতি কমাতে এবং আমদানি নির্ভরতা নিয়ন্ত্রণে কঠোর শুল্কনীতি গ্রহণ করে। এর অংশ হিসেবে ১৯৭৪ সালের মার্কিন বাণিজ্য আইনের ১২২ নম্বর ধারার আওতায় গত ফেব্রুয়ারিতে এই ১০ শতাংশ বৈশ্বিক শুল্ক আরোপ করা হয়। শুল্কটি আগামী ২৪ জুলাই পর্যন্ত কার্যকর থাকার কথা ছিল। এর আগে একই ধরনের উচ্চ হারের শুল্ক নিয়ে সুপ্রিম কোর্টে ধাক্কা খাওয়ার পর প্রশাসন তুলনামূলক কম হারের এই সাময়িক শুল্ক চালু করে। কিন্তু ক্ষুদ্র ব্যবসায়ীদের দায়ের করা মামলায় আদালত এবার সেই সিদ্ধান্তের বৈধতা নিয়েই প্রশ্ন তুলেছেন। রায়ের পর জে ফোরম্যান উচ্ছ্বাস প্রকাশ করে বলেন, ‘আমরা লড়াই করেছি এবং জিতেছি।’ তার দাবি, এই শুল্ক ছোট ও মাঝারি ব্যবসার ওপর বড় চাপ সৃষ্টি করেছিল।

আইন বিশেষজ্ঞদের মতে, এই রায়ের ফলে আরও অনেক কোম্পানি এখন আদালতে গিয়ে শুল্ক বাতিলের আবেদন করতে পারে। একইসঙ্গে ইতোমধ্যে পরিশোধ করা অর্থ ফেরতের দাবিও জোরালো হতে পারে। তবে ট্রাম্প প্রশাসন রায়ের বিরুদ্ধে আপিল করবে বলে ধারণা করা হচ্ছে। সে ক্ষেত্রে মামলাটি ফেডারেল সার্কিট আপিল আদালত হয়ে আবারও সুপ্রিম কোর্ট পর্যন্ত গড়াতে পারে। বাংলাদেশের রফতানিকারকদের জন্য এই পরিস্থিতি তাৎপর্যপূর্ণ বলে মনে করছেন অর্থনীতিবিদরা। তাদের মতে, যুক্তরাষ্ট্র বাংলাদেশের সবচেয়ে বড় রফতানি বাজার। ফলে মার্কিন শুল্কনীতিতে যেকোনও পরিবর্তন তৈরি পোশাক খাতসহ সামগ্রিক রফতানি প্রবৃদ্ধিতে প্রভাব ফেলতে পারে। বিশেষ করে বর্তমানে বৈশ্বিক অর্থনৈতিক মন্দা, উচ্চ সুদহার এবং সরবরাহব্যবস্থার চাপের মধ্যে নতুন শুল্ক অনিশ্চয়তা ব্যবসায়ীদের উদ্বেগ আরও বাড়িয়ে তুলেছে।

সংশ্লিষ্টরা বলছেন, এখন সবচেয়ে গুরুত্বপূর্ণ বিষয় হলো, উচ্চ আদালতের চূড়ান্ত সিদ্ধান্ত কী হয় এবং ভবিষ্যতে এই রায় অন্য আমদানিকারকদের ক্ষেত্রেও প্রযোজ্য হয় কিনা। কারণ সেই সিদ্ধান্তই নির্ধারণ করবে যুক্তরাষ্ট্রের বহুল আলোচিত পাল্টা শুল্ক নীতির ভবিষ্যৎ।

## সোজা গুলি করার নির্দেশ

মানবতাবিরোধী অপরাধের মামলায় ২৮ জনের বিরুদ্ধে আনুষ্ঠানিক অভিযোগ গঠনের আদেশ দেন ট্রাইব্যুনাল। সংবাদ সম্মেলনে চিফ প্রসিকিউটর বলেন, শেখ হাসিনা ও তৎকালীন ঢাকা দক্ষিণ সিটি করপোরেশনের মেয়র শেখ ফজলে নূর তাপসের কথোপকথনে প্রাণঘাতী অস্ত্র ব্যবহারের নির্দেশনার বিষয়টি উঠে এসেছে। সেখানে বলা হয়, লেথাল ওয়েপন ব্যবহার করবে, যেখানে পাবে সোজা গুলি করবে। তিনি বলেন, একজন সরকারপ্রধান হিসেবে এ ধরনের নির্দেশনা ছিল অমানবিক ও ভয়াবহ। এর প্রভাবে দেশজুড়ে ছাত্র-জনতার ওপর নির্বিচারে গুলি চালানোর প্রবণতা বাড়ে এবং বহু মানুষ নিহত হয়। আমিনুল ইসলাম আরও বলেন, ২০২৪ সালের ১৮ ও ১৯ জুলাই মোহাম্মদপুর এলাকায় ড্রোন ও হেলিকপ্টার ব্যবহার করে আন্দোলনকারীদের ওপর গুলি চালানো হয়। এতে বহু হতাহতের ঘটনা ঘটে। বিশেষ করে ফাইয়াজ হত্যাকাণ্ড পুরো দেশকে নাড়িয়ে দেয় বলেও মন্তব্য করেন তিনি।

চিফ প্রসিকিউটরের ভাষ্য মতে, মোহাম্মদপুরের এ মামলায় সুপিরিয়র কমান্ড রেসপনসিবিলিটি, ইন্ডিভিজুয়াল রেসপনসিবিলিটি এবং টার্গেটেড কিলিং এর অভিযোগ পাওয়া গেছে। মামলায় অভিযোগ গঠনের মধ্য দিয়ে বিচারিক কার্যক্রম শুরু হয়েছে এবং আগামী ৮ জুন থেকে সাক্ষ্যগ্রহণ শুরু হবে।

## কোনো ফ্যাসিবাদ যেন

দায়িত্ব। স্বাধীনতার প্রথম প্রহরে পুলিশের রক্তে রঞ্জিত মাটিতে দাঁড়িয়ে সবাইকে অঙ্গীকারবদ্ধ হওয়ার আহ্বান জানিয়ে সরকারপ্রধান বলেন, এই বাংলাদেশে আর কোনো ফ্যাসিবাদ বা স্বৈরাচার যেন পুলিশ সদস্যদের দেশ এবং জনগণের স্বাধীনতার বিরুদ্ধে ব্যবহার করতে সক্ষম না হয়, আজ আমরা সেই নতুন শপথে অঙ্গীকারবদ্ধ হই।

স্বাধীনতা যুদ্ধের প্রেক্ষাপট তুলে ধরে তিনি বলেন, একদিকে বাংলাদেশের স্বাধীনতার পক্ষে চট্টগ্রামে মেজর জিয়ার ‘উই রিভোল্ট’, অপরদিকে ঢাকায় রাজারবাগ পুলিশের মরণপণ প্রতিরোধ এরপর স্বাধীনতার লড়াই থেকে বাংলাদেশের স্বাধীনতাকামী মানুষের পিছিয়ে থাকার আর কোনো সুযোগ ছিল না। এসময় তৎকালীন রাজনৈতিক নেতৃত্বের ভূমিকা নিয়ে প্রশ্ন তুলে প্রধানমন্ত্রী বলেন, ১৯৭১ সালের উত্তাল মার্চে স্বাধীনতাকামী মানুষের মনে যখন টান টান উত্তেজনা, পশ্চিম পাকিস্তান থেকে ঢাকায় যখন প্রতিদিন হাজার হাজার সৈন্য জড়ো করা হচ্ছিলু এমন পরিস্থিতিতে সব পুলিশ সদস্যকে রাজারবাগ পুলিশ লাইন্সে একসঙ্গে জড়ো করে রাখার পেছনে তৎকালীন রাজনৈতিক নেতৃত্বের কী যুক্তি বা কৌশল কাজ করেছিল, তা যারা মুক্তিযুদ্ধ নিয়ে গবেষণা করছেন তাদের জন্য একটি গবেষণার বিষয় হতে পারে বলে আমি মনে করি।

দীর্ঘ দেড় দশকের বেশি সময় ধরে চলা ফ্যাসিবাদবিরোধী আন্দোলন ও ২০২৪ সালের ছাত্র-জনতার রক্তক্ষয়ী গণঅভ্যুত্থানের প্রসঙ্গ টেনে তারেক রহমান বলেন, দেশের স্বাধীনতাপ্রিয় গণতন্ত্রকামী মানুষের আকাঙ্ক্ষার প্রতিফলন হচ্ছে জনগণের রায়ে গঠিত বর্তমান সরকার। বছরের পর বছর ধরে অসংখ্য হামলা-মামলার শিকার, নির্যাতিত, নিপীড়িত, অধিকারহারা মানুষ বর্তমান গণতান্ত্রিক সরকারের সময়ে শান্তি ও নিরাপত্তা চায়। দেশের মানুষের শান্তি ও নিরাপত্তা নিশ্চিত করা পুলিশের ভূমিকার ওপর সবচেয়ে বেশি নির্ভরশীল উল্লেখ করে তিনি বলেন, আপনারা জনগণের জানমালের নিরাপত্তা নিশ্চিত করতে সাধ্য এবং সামর্থ্যের সবটুকু দিয়ে চেষ্টা করবেন এটিই আপনাদের কাছে সরকারের প্রত্যাশা।

ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচনে পুলিশের ভূমিকার প্রশংসা করে প্রধানমন্ত্রী বলেন, এই নির্বাচন প্রমাণ করেছে বাংলাদেশ পুলিশের পক্ষে দক্ষতা ও পেশাদারিত্বের সঙ্গে দায়িত্ব পালন সম্ভব। জাতিসংঘ শান্তিরক্ষা মিশনে বাংলাদেশ পুলিশের, বিশেষ করে নারী পুলিশ সদস্যদের পেশাদারিত্ব, সাহসিকতা ও মানবিকতার উজ্জ্বল দৃষ্টান্তের কথা উল্লেখ করে তারেক রহমান বলেন, শুধু বিদেশেই নয়, দেশের জনগণের সঙ্গেও পুলিশের মানবিক আচরণ প্রত্যাশিত। এর আগে বর্ণিল প্যারেড উপভোগ করে তিনি বলেন, আমার কাছে এটি শুধু একটি আনুষ্ঠানিকতা মনে হয়নি, বরং এটি ছিল পুলিশ সদস্যদের শৃঙ্খলা, আত্মমর্যাদা, দায়িত্ববোধ এবং সুন্দর ভবিষ্যতের দিকে দৃপ্ত পায়ে এগিয়ে চলার অবিচল অঙ্গীকারের বহিঃপ্রকাশ। বক্তব্য শেষে প্যারেডে অংশগ্রহণকারী পুলিশ ও র‌্যাবের সব কর্মকর্তা ও সদস্যকে ধন্যবাদ জানিয়ে ‘বাংলাদেশ পুলিশ সপ্তাহ ২০২৬’-এর সার্বিক সাফল্য কামনা করেন প্রধানমন্ত্রী।

## সৌদি আরবে পৌঁছেছেন

হাজার ৫৯১ জন, সৌদিয়া এয়ারলাইন্স ৪৮টি ফ্লাইটে ১৮ হাজার ৪২ জন ও ফ্লাইনাস ২২টি ফ্লাইটে ৮ হাজার ৮৫৯ জন হজযাত্রীকে পৌঁছে দিয়েছে। ধর্ম মন্ত্রণালয়ের তথ্য বলছে, এ বছর এখন পর্যন্ত সৌদি আরবে গিয়ে ১২ জন হজযাত্রীর মৃত্যু হয়েছে। এদের মধ্যে মক্কায় ১০ জন এবং মদিনায় দুইজন মারা গেছেন। মৃতদের মধ্যে ১০ জন পুরুষ এবং নারী দুইজন। সবশেষ আব্দুল মতিন নামে ৫৩ বছর বয়সী একজন হজযাত্রী গেল ৩ মে সৌদি আরবের মক্কায় অবস্থানকালে মারা যান।

তিনি যশোর কোতোয়ালি থানার বাসিন্দা। গত ২৩ এপ্রিল ফ্লাইনাসের একটি ফ্লাইটে আব্দুল মতিন সৌদি আরবের মদিনায় পৌঁছান।

ধর্ম মন্ত্রণালয়ের তথ্যানুযায়ী, ২০২৫ সালে ৪৮ জন হজযাত্রী সৌদি আরবে মারা গিয়েছিলেন। এর আগের বছর হজে গিয়ে মারা যান ৬৫ জন। ২০২৩ সালে কয়েকবছরের মধ্যে সর্বোচ্চ ১২৩ জন হজযাত্রী মারা গিয়েছিলেন। চলতি বছর বাংলাদেশ থেকে ৭৮ হাজার ৫০০ জন হজ পালন করবেন। এদের মধ্যে সরকারি মাধ্যমে যাচ্ছেন ৪ হাজার ৫৬৫ জন এবং বেসরকারি মাধ্যম অর্থাৎ হজ এজেন্সির মাধ্যমে যাচ্ছেন ৭৩ হাজার ৯৩৫ জন। ৩০টি লিড এজেন্সি এ বছর বাংলাদেশ থেকে হজ কার্যক্রম পরিচালনা করছে। ১৮ এপ্রিল থেকে শুরু হওয়া প্রাক-হজ ফ্লাইট শেষ হবে আগামী ২১ মে। প্রাক-হজ ফ্লাইট ২০৭টি; এর মধ্যে বিমান বাংলাদেশ এয়ারলাইন্স ১০২টি, সৌদিয়া ৭৫টি ও ফ্লাইনাস ৩০টি ফ্লাইট পরিচালনা করবে। চাঁদ দেখা সাপেক্ষে আগামী ২৬ মে হজ অনুষ্ঠিত হবে। হজের আনুষ্ঠানিকতা শেষে ৩০ মে হতে ফিরতি ফ্লাইট শুরু হবে এবং ৩০ জুন শেষ হবে।

## শপথ নিয়েই বিনামূল্যে

মৌলিক অধিকারের বিষয়ে পূর্ণ মনোযোগী থাকবেন। “কৃষক ও জেলেদের যত্ন নেওয়া হবে। সব ভালো হবে,” বলেছেন তিনি। “এক সহকারী পরিচালকের ছেলে এখন মুখ্যমন্ত্রী হয়েছে। ক্ষুধা ও দারিদ্র্য কী আমি জানি। আমি কোনো রাজ পরিবার থেকে উঠে আসিনি। অনেক কষ্ট দেখেছি আমি, হয়তো অনেকে অপমানও করেছেন। “আমি আপনাদের সন্তানের মতো, আপনাদের ভাই, আপনাদের ছোট ভাই। আপনাদের হৃদয়ে আমাকে জায়গা দিয়েছেন, আমাকে গ্রহণ করেছেন,” বলেন ৫১ বছর বয়সী ‘থালাপতি’। মিথ্যা প্রতিশ্রুতি দেবেন নাড়এমন আশ্বাস দিয়ে বিজয় বলেন, “ডিএমকে রাজ্যের ভাণ্ডার খালি করে দিয়েছে, আমরা ১০ লাখ কোটি রুপি ঋণ মাথায় নিয়ে দায়িত্ব নিয়েছি। আমরা লোকজনের পকেট থেকে এক টাকাও নেবো না, এবং কাউকে রাজ্য লুট করতেও দেবো না।” ‘প্রকৃত, সেক্যুলার, সামাজিক ন্যায়বিচারের নতুন যুগের’ প্রতিশ্রুতি দেওয়া বক্তৃতায় বিজয় কংগ্রেস নেতা রাহুল গান্ধী ও প্রবীন চক্রবর্তী, বাম নেতা এমএ বাবা ও অন্য মিত্রদের ধন্যবাদ জানান। মঞ্চে সেসময় রাহুল গান্ধী ছিলেন, যিনি ৪ মে তামিলনাড়ু বিধানসভা নির্বাচনের ফল ঘোষণার পর বিজয় ও টিভিকে-কে অভিনন্দন জানিয়েছিলেন। এবারের নির্বাচনে বিধানসভার ২৩৪ আসনের মধ্যে টিভিকে ১০৮টি আসন জিতে দক্ষিণের রাজ্যটিতে একক বৃহত্তম দল হিসেবে আবির্ভূত হয়।

সরকার গড়তে প্রয়োজন ছিল ন্যূনতম ১১৮ আসনে। এ জন্য টিভিকে প্রথমে দ্বারস্থ হয় আগেরবার ক্ষমতাসীন দ্রাবিড়া মুনেত্রা কাজাগমের (ডিএমকে) মিত্র কংগ্রেস ও বামদের। ৫টি আসনে জেতা কংগ্রেস এবং ২টি করে আসনে জেতা কমিউনিস্ট পার্টি অব ইন্ডিয়া (সিপিআই) ও কমিউনিস্ট পার্টি অব ইন্ডিয়া-মার্কসিস্ট (সিপিআইএম) শুরুতেই তাদের সমর্থন নিশ্চিত করে। কিন্তু তারপরও সংখ্যাগরিষ্ঠতা প্রমাণ করতে না পারায় টিভিকের সরকার গড়া অনিশ্চিত হয়ে পড়েছিল।

অনেক দরকষাকষির পর শনিবার বাম-ঘরানার দলিত দল ভিসিকে ভিদুথালাই চিরুথাইগাল কাচচি (ভিসিকে) ও ইন্ডিয়ান ইউনিয়ন মুসলিম লীগ (আইইউএমএল) বিজয়কে সমর্থন দেয়। এতেই ‘ম্যাজিক পার্ক’ পার হয়ে যায় টিভিকে। প্রায় ছয় দশকের মধ্যে তামিলনাড়ু পায় ডিএমকে ও অল ইন্ডিয়া দ্রাবিড়া মুনেত্রা কাজাগম-এআইএডিএমকেবিহীন প্রথম সরকার। পরে ডিএমকে-র মুখপাত্র এ সারাভানান দাবি করেন, ‘সাংবিধানিক সঙ্কট’ এড়াতে সাবেক মুখ্যমন্ত্রী এমকে স্টালিনই ভিসিকেসহ অন্য মিত্রদের বিজয়ের হাত ধরতে রাজি করিয়েছেন। বিজয় ছাড়াও রোববার তার মন্ত্রীসভার আরও ৯ সদস্য শপথ নিয়েছেন। এরা হলেন- আধাভ অর্জুনা, নির্মল কুমার, টিভিকের সাধারণ সম্পাদক এন আনন্দ, রাজ মোহন, ড. টিকে প্রভু, অরুন রাজ, পি ভেঙ্কটারমন ও এস কীর্তনা। পরবর্তীতে জোটসঙ্গীদের ভেতর থেকেও বিজয় কয়েকজনকে তার মন্ত্রিসভায় স্থান দেবেন বলে মনে করা হচ্ছে। নতুন মন্ত্রিসভায় কে কোন দায়িত্ব পেতে পারেন তা জানা যায়নি। বিজয়ের এই নতুন সরকারকে আগামী বুধবারের আগেই বিধানসভায় তাদের সংখ্যাগরিষ্ঠতা প্রমাণ করতে হবে।

## প্রাথমিকে সুপারিশপ্রাপ্ত ১৪ হাজার

সহকারী শিক্ষক নিয়োগের শূন্যপদে প্রাথমিকভাবে নির্বাচিত প্রার্থীদের পূর্বকার্যকলাপ এবং জমা দেওয়া কাগজপত্র ও নথি যাচাইয়ের নির্দেশনা দেওয়া হয়েছে। নির্দেশনায় বলা হয়েছে, সহকারী শিক্ষক নিয়োগ-২০২৫ এ প্রাথমিকভাবে নির্বাচিত ১৪ হাজার ৩৮৪ জন প্রার্থীর পুলিশি তদন্তের মাধ্যমে তাদের পূর্বকার্যকলাপ যাচাই করতে হবে। একই সঙ্গে তাদের জমা দেওয়া নথি ও কাগজপত্রের সত্যতাও যাচাই করা হবে। এ বিষয়ে সংশ্লিষ্টদের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ জানানো হয়েছে।

## বাংলাদেশ থেকে পোশাক

বাংলাদেশে ইতালির খ্যাতনামা ফুটবল ক্লাবগুলোকে সফর ও প্রীতি ম্যাচ খেলার আমন্ত্রণ জানানো হয়েছে। একইসঙ্গে দুই দেশের জনগণের মধ্যে যোগাযোগ (পিপল টু পিপল কন্টাক্ট) বৃদ্ধি এবং সাংস্কৃতিক বিনিময় জোরদারের ওপরও জোর দেওয়া হয়। এছাড়া, নিরাপদ ও নিয়মিত অভিবাসন ব্যবস্থাপনা আরও সহজতর করতে বাংলাদেশ ও ইতালির মধ্যে চলমান সহযোগিতা সম্প্রসারণের বিষয়েও বিস্তারিত আলোচনা করেন তারা। বৈঠকে উভয় পক্ষই বাংলাদেশ-ইতালি সম্পর্ককে এক নতুন উচ্চতায় নিয়ে যাওয়ার দৃঢ় প্রত্যয় ব্যক্ত করেন এবং ভবিষ্যতে বাণিজ্য, সামরিক, সংস্কৃতি, ক্রীড়া ও অভিবাসন খাতে পারস্পরিক সহযোগিতা আরও জোরদার হবে বলে আশাবাদ ব্যক্ত করেন।

এ সময় বৈঠকে ইতালির মিশনের উপ-প্রধান ফেদেরিকো জাম্পারেল্লি উপস্থিত ছিলেন।

## পরিবারপ্রতি ২ কোটি টাকা

প্রতিদিন অন্তত ছয়জন শিশুর মৃত্যু হচ্ছে। তবে গত এক সপ্তাহে সেই সংখ্যা বেড়ে গড়ে প্রতিদিন ১০ জনে পৌঁছেছে। হামে শিশু মৃত্যুর সংখ্যা কমে আসার আশ্বাস দেওয়ার মধ্যেই মৃত্যুর সংখ্যা দেড়গুণ বেড়েছে। এর মধ্যে সবচেয়ে বেশি ঝুঁকিপূর্ণ ঢাকা বিভাগ এবং সবচেয়ে কম ঝুঁকিতে রয়েছে রংপুর বিভাগ। গতকাল আরও ৯ শিশু হাম ও হামের উপসর্গ নিয়ে মারা গেছে। স্বাস্থ্য অধিদপ্তরের নিয়মিত বুলেটিনের পরিসংখ্যান বিশ্লেষণ করে এসব তথ্য পাওয়া গেছে।

জনস্বাস্থ্য বিশেষজ্ঞরা বলছেন, দেশে হাম ও হামের উপসর্গ নিয়ে শিশুমৃত্যুর সরকারি হিসাব সঠিক বলে ধরে নিলেও পরিস্থিতি এখনও উদ্বেগজনক। প্রতিদিনই নতুন করে আক্রান্ত ও হাসপাতালে ভর্তি রোগীর সংখ্যা বাড়ছে। বিশেষ করে শিশুদের মধ্যে সংক্রমণের হার বেশি হওয়ায় পরিস্থিতি আশঙ্কাজনক।

## সাবেক এমপি শেখ হেলাল

তদন্ত কর্মকর্তা ও দুদকের সহকারী পরিচালক মিনহাজ বিন ইসলাম আদালতে আবেদন করে শেখ হেলাল উদ্দীন ও শেখ রুপা চৌধুরীর আয়কর নথি জব্দের অনুমতি চান। আবেদনে তিনি উল্লেখ করেন, মামলার সুষ্ঠু তদন্তের স্বার্থে এসব নথি জব্দ করা প্রয়োজন। আবেদন পর্যালোচনা শেষে আদালত আয়কর নথি জব্দের আদেশ দেন।

## কোরবানির আগে কমেছে

গত বছর এসব এলাচের দাম ছিল চার হাজার ৩০০ টাকা। পারফেক্ট ট্রেডার্সের আবদুল মতিন জানান, বর্তমানে ভারতীয় জিরা প্রতি কেজি ৫১৫ টাকা এবং আফগান জিরা ৬৭০ টাকায় বিক্রি হচ্ছে। এছাড়া প্রতিকেজি লবঙ্গ এক হাজার ৩০০ টাকা, কালো গোলমরিচ এক হাজার ৩০ টাকা, সাদা গোলমরিচ এক হাজার ২৩০ টাকা, জায়ফল মানভেদে ৮০০ থেকে এক হাজার ২০০ টাকা, কাঠবাদাম ও কাজুবাদাম এক হাজার ৩০০ টাকা, সোনালি কিসমিস ৮০০ টাকা এবং লম্বা কিসমিস ৭৯০ টাকা, মেথি ১৩২ টাকা, ধনিয়া ১৬০ টাকা, মৌরি ১৭৫ টাকা এবং দারুচিনি ৪৮০ টাকা দরে বিক্রি হচ্ছে। আবদুল মতিন বলেন, “সপ্তাহখানেক আগেও দাম কিছুটা বেশি ছিল, তবে এখন কমেছে। যুদ্ধ পরিস্থিতি শান্ত থাকায় আমদানি বেড়েছে, ফলে বাজারে মসলার দামও কম।” মেসার্স সোহেল অ্যান্ড ব্রাদার্সের সোহেল বলেন, “কোরবানির ঈদকে কেন্দ্র করে যে পরিমাণ বেচাকেনা হওয়ার কথা, তা হচ্ছে না। আগে এই সময় এত ব্যস্ত থাকতাম। দুপুরে খাওয়ার সময়ও পেতাম না। এবার সেই তুলনায় বাজার অনেকটাই ফাঁকা।” সান এন্টারপ্রাইজের মালিক মো. ফারুক আহমেদ বলেন, “ঈদের আগে শুধু মসলার বাজার নয়, কোনও বাজারই ভালো না।” তিনি অভিযোগ করে বলেন, “ভারত থেকে চোরাই পথে প্রতিদিন বিভিন্ন ধরনের মসলা দেশে ঢুকছে। এতে বৈধ আমদানিকারকরা ক্ষতিগ্রস্ত হওয়ার পাশাপাশি সরকারও রাজস্ব হারাচ্ছে।” তার ভাষায়, “অবৈধ পথে আসা পণ্যে ট্যাক্স দিতে হয় না। ফলে তারা কম দামে বিক্রি করতে পারে। এতে বৈধ ব্যবসায়ীরা প্রতিযোগিতায় টিকতে পারছেন না।” পলাশ ট্রেডার্সের মালিক মো. রিপন বলেন, “ঈদের আগে এমন অবস্থা আগে কখনও দেখিনি। এবার বেচাকেনা একদমই কম।” বেগম বাজার-মৌলভীবাজার বণিক সমিতির সভাপতি হাজী নজরুল ইসলাম বলেন, “কোরবানির আগে অনেক ধরনের মসলার দাম কমে গেছে। প্রতি কেজি আলু বোখারার দাম ৫০০ টাকা কমে বিক্রি হচ্ছে এক হাজার ৫০ টাকায়। পাঁচ হাজার ২০০ টাকার এলাচ এখন চার হাজার ৮০০ টাকায় বিক্রি করতে হচ্ছে। এতে ব্যবসায়ীদের লোকসান গুনতে হচ্ছে।” বাজারে দারুচিনিও বিক্রি হচ্ছে দুই ধরনের। চীন থেকে আমদানি হওয়া ভাঙা দারুচিনি ২৫ কেজির বস্তায় পাওয়া যায়। অন্যদিকে, ভিয়েতনাম থেকে আসা আস্ত দারুচিনি ১০ কেজির প্যাকেটে বিক্রি হয়। ব্যবসায়ীরা জানান, আস্ত দারুচিনির দাম ভাঙা দারুচিনির তুলনায় কেজিতে ৬০ থেকে ৮০ টাকা বেশি। বর্তমানে চীনা দারুচিনি প্রতি কেজি ৩৪০ টাকায় বিক্রি হচ্ছে, যা গত বছর ছিল প্রায় ৩৬০ টাকা। আর ভিয়েতনামের আস্ত দারুচিনি বিক্রি হচ্ছে ৪২০ টাকায়, যা গত বছর ছিল ৪৮০ টাকা। অন্যদিকে, গোলমরিচের বাজারে দেখা গেছে ভিন্ন চিত্র। পাইকারি বাজারে কালো ও সাদা-দুই ধরনের গোলমরিচই পাওয়া যাচ্ছে। বর্তমানে প্রায় সব গোলমরিচ ভিয়েতনাম থেকে আমদানি হচ্ছে। গত বছরের তুলনায় কালো গোলমরিচের দাম কিছুটা বেড়েছে। গত বছর প্রতি কেজি কালো গোলমরিচ বিক্রি হয়েছিল ৯৫০ টাকায়, এবার তা বেড়ে হয়েছে এক হাজার ৩০ টাকা। তবে, সাদা গোলমরিচের দাম কমেছে। বর্তমানে এটি বিক্রি হচ্ছে প্রতি কেজি এক হাজার ২২০ টাকায়। গত বছর একই পণ্য বিক্রি হয়েছিল এক হাজার ৩৫০ টাকায়।

## নসরুল হামিদ বিপ

তদন্তের স্বার্থে তাদের আয়কর নথি জব্দ করা প্রয়োজন বলে আবেদনে বলেছেন তদন্ত কর্মকর্তা। জুলাই গণঅভ্যুত্থানের পর ২০২৪ সালের ডিসেম্বরে ‘অবৈধ’ সম্পদ অর্জনের অভিযোগে বিপুর বিরুদ্ধে মামলা করে দুদক। এছাড়া তার ছেলে জারিফ হামিদ ও স্ত্রী সীমা হামিদের নামেও দুদক আলাদা মামলা করে। সেসব মামলায় আসামি হিসেবে নসরুল হামিদ বিপুর নাম রয়েছে। এরপর ২০২৫ সালের জানুয়ারিতে বিপু ও তার স্ত্রী সীমার দেশত্যাগে নিষেধাজ্ঞা দেয় আদালত।

## হাওরাঞ্চলের বন্যা

পূর্বাভাস দিয়ে বলেছে, সুনামগঞ্জ, নেত্রকোণা ও হবিগঞ্জের হাওরাঞ্চলের বন্যা পরিস্থিতির উন্নতি হতে পারে। কেন্দ্র বলছে, সিলেট, সুনামগঞ্জ জেলার সুরমা-কুশিয়ারা নদীসমূহের পানি সমতল আগামী দুই দিন হ্রাস পেতে পারে এবং তৃতীয় দিন স্থিতিশীল থাকতে পারে; ফলে কুশিয়ারা অববাহিকার বন্যা পরিস্থিতির উন্নতি হতে পারে। নেত্রকোণা জেলার ভুগাই-কংস নদীর পানি সমতল আগামী তিন দিন হ্রাস পেতে পারে ও সোমেশ্বরী নদীর পানি সমতল আগামী তিন দিন স্থিতিশীল থাকতে পারে। তাই এই জেলার ভুগাই-কংস অববাহিকার বন্যা পরিস্থিতির উন্নতি হতে পারে।

নেত্রকোনা ও কিশোরগঞ্জ জেলার ধনু-বাউলাই নদীর পানি সমতল আগামী তিন দিন স্থিতিশীল থাকতে পারে। নেত্রকোনা জেলার মগরা নদীর পানি সমতল আগামী তিন দিন স্থিতিশীল থাকতে পারে। ফলে বন্যা পরিস্থিতির উন্নতি হবে নেত্রকোনা জেলার মগরা অববাহিকার হাওরাঞ্চলে।

মৌলভীবাজার ও হবিগঞ্জ জেলার মনু নদীর পানি সমতল আগামী এক দিন হ্রাস পেতে পারে এবং দ্বিতীয় ও তৃতীয় দিন স্থিতিশীল থাকতে পারে। খোয়াই ও জুড়ি নদীর পানি সমতল আগামী তিন দিন স্থিতিশীল থাকতে পারে এবং সুতাং নদীর পানি সমতল আগামী তিন দিন হ্রাস পেতে পারে।

ফলে হবিগঞ্জ জেলার সুতাং অববাহিকার হাওর এলাকায় বন্যা পরিস্থিতির উন্নতি হতে পারে বলে পূর্বাভাস দিয়েছে বন্যা সতর্কীকরণ কেন্দ্র। আট জেলায় ঝড়ো হাওয়াসহ বজ্রবৃষ্টির পূর্বাভাস

রোববার আবহাওয়া অধিদপ্তরের ফেইসবুক পেইজে দেওয়া এক পোস্টে বলা হয়েছে, এদিন বিকাল ৫টার মধ্যে কিশোরগঞ্জ, ময়মনসিংহ, নরসিংদী, ঢাকা, টাঙ্গাইল, মানিকগঞ্জ, রাজবাড়ী ও সিলেট জেলার কিছু স্থানে ঝড়ো হাওয়াসহ বজ্রবৃষ্টি বা বৃষ্টি হতে পারে। বজ্রপাতের সময় জনসাধারণকে ঘরের বাইরে না যাওয়ার পরামর্শ দিয়েছে আবহাওয়া অধিদপ্তর।

আবহাওয়ার পূর্বাভাসে বলা হয়েছে, লঘুচাপের বর্ধিতাংশ পশ্চিমবঙ্গ ও তৎসংলগ্ন এলাকায় অবস্থান করছে। ১১ মের মধ্যে দক্ষিণ-পশ্চিম বঙ্গোপসাগর এবং তৎসংলগ্ন এলাকায় একটি লঘুচাপ সৃষ্টির সম্ভাবনা রয়েছে। রোববার রংপুর, রাজশাহী, ঢাকা, ময়মনসিংহ, খুলনা, বরিশাল, চট্টগ্রাম ও সিলেট বিভাগের দুই-এক জায়গায় অস্থায়ীভাবে দমকা বা ঝড়ো হাওয়া ও বিদ্যুৎ চমকানোসহ বৃষ্টি বা বজ্রসহ বৃষ্টির পূর্বাভাস দিয়েছে আবহাওয়া অধিদপ্তর।

সেখানে বলা হয়েছে, এদিন সারাদেশে দিনের তাপমাত্রা প্রায় অপরিবর্তিত থাকতে পারে এবং রাতের তাপমাত্রা সামান্য কমতে পারে।

## ঢাকা বিশ্ববিদ্যালয়ের প্রক্টর

তাই, আমি আমার পরিবারকে একটু সময় দিতে চাই। সামনে যিনি আসবেন, তিনি আরও ভালো দায়িত্ব পালন করবেন বলে আমি মনে করি।” ঢাকা বিশ্ববিদ্যালয়ে যোগ দেওয়ার আগে শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, নর্থসাউথ ইউনিভার্সিটি এবং ইউনিভার্সিটি অব এশিয়া প্যাসিফিকে শিক্ষকতা করেছেন সাইফুদ্দিন আহমেদ।

## ১০ মামলায় আইভীর জামিন

প্রথমে বৈষম্যবিরোধী আন্দোলনের ঘটনায় হওয়া তিনটি হত্যা ও দুটি হত্যাচেষ্টা মামলায় আইভীকে গ্রেপ্তার দেখানো হয়। গত বছরের ৯ নভেম্বর ওই পাঁচ মামলায় হাই কোর্ট থেকে জামিন পান তিনি।

কিন্তু রাষ্ট্রপক্ষের আবেদনে গত বছরের ১২ নভেম্বর চেম্বার আদালত ওই জামিন স্থগিত করে বিষয়টি আপিল বিভাগের নিয়মিত বেঞ্চে পাঠিয়ে দেয়। অন্যদিকে, হাই কোর্ট যেদিন আইভীকে প্রথম পাঁচ মামলায় জামিন দিয়েছিল, ঠিক সেদিনই আরও পাঁচ মামলায় তাকে গ্রেপ্তার দেখানোর আবেদন করে পুলিশ। গত বছরের ১৮ নভেম্বর আদালত তা মঞ্জুর করে। ওই পাঁচ মামলায় চলতি বছরের ২৬ ফেব্রুয়ারি হাই কোর্ট আইভীকে ছয় মাসের অন্তর্বতীকালীন জামিন দেয়। কিন্তু এবারও রাষ্ট্রপক্ষের আবেদনে গত ৫ মার্চ চেম্বার আদালত জামিন স্থগিত করে বিষয়টি আপিল বিভাগের নিয়মিত বেঞ্চে পাঠিয়ে দেয়। দ্বিতীয় দফায় পাঁচ মামলায় জামিন আদেশ হওয়ার পর আইভীকে সিদ্ধিরগঞ্জ থানায় ২০২৪ সালের ১১ সেপ্টেম্বর এবং ২০২৫ সালের ৩০ জুন দায়ের করা আরও দুটি হত্যা মামলায় গ্রেপ্তার দেখানোর আবেদন করে পুলিশ, যা গত ২ মার্চ ও ১২ এপ্রিল মঞ্জুর করে নারায়ণগঞ্জের মুখ্য বিচারিক হাকিম আদালত। একের পর এক মামলায় গ্রেপ্তার দেখানোর এই প্রক্রিয়ার বৈধতা চ্যালেঞ্জ করে সম্প্রতি হাই কোর্টে রিট আবেদন করেন আইভীর আইনজীবীরা। সেই রিটের শুনানি শেষে গত ২৬ এপ্রিল হাই কোর্ট আইভীকে নতুন কোনো মামলায় হয়রানি বা গ্রেপ্তার না করার নির্দেশ দেয়। একইসঙ্গে একের পর এক মামলায় আইভীকে গ্রেপ্তার দেখানো কেন অবৈধ ঘোষণা করা হবে না, তা জানতে চেয়ে রুল জারি করে আদালত।

## সাবেক দুই প্রতিমন্ত্রী

সহকারি পরিচালক মিনহাজ বিন ইসলাম রাসেল, চুমকি এবং শেখ হেলাল ও তার স্ত্রীর আয়কর নথি জব্দ চেয়ে আবেদন করেন। মামলার সুষ্ঠু তদন্তের স্বার্থে তাদের আয়কর নথি জব্দ করা প্রয়োজন বলে আবেদনে জানিয়েছেন তদন্ত কর্মকর্তা।

শেখ হেলাল উদ্দীননের জামাতা হলেন বিএনপি নেতৃত্বাধীন সরকারের ভোলা- ১ আসনের সংসদ সদস্য আন্দালিব রহমান পার্থ।

## হরমুজ অভিযানের প্রস্তুতিতে

হরমুজ প্রণালিকে নিরাপদ করার সম্ভাব্য অভিযানের অংশ হিসেবে ফ্রান্স লোহিত সাগরে একটি বিমানবাহী রণতরী ও তার সঙ্গে থাকা যুদ্ধজাহাজের একটি বহর মোতায়েন করার পর যুক্তরাজ্য এই পদক্ষেপ নিচ্ছে।

মূলত যুক্তরাজ্য ও ফ্রান্স একযোগে হরমুজ প্রণালিতে জাহাজ চলাচলে আস্থা ফেরানোর একটি নিরাপত্তা পরিকল্পনা নিয়ে কাজ করছে।

ব্রিটিশ প্রতিরক্ষা মন্ত্রণালয়ের এক মুখপাত্র বলেছেন, “এইচএমএস ড্রাগনকে আগাম মোতায়েন করা বিচক্ষণ এক পরিকল্পনার অংশ, যার মাধ্যমে পরিস্থিতি অনুকূলে এলে ব্রিটিশ-ফ্রান্স যৌথ নেতৃত্বাধীন বহুজাতিক জোটের অংশ হিসেবে হরমুজ প্রণালির নিরাপত্তা নিশ্চিত করতে যুক্তরাজ্যের প্রস্তুতি নিশ্চিত হবে।”

পরিস্থিতি স্থিতিশীল হলে বা সংঘাত থামলে হরমুজ প্রণালি দিয়ে নিরাপদ নৌচলাচলের ভিত্তি গড়তে একটি প্রস্তাব নিয়ে কয়েক সপ্তাহ ধরেই কাজ করে আসছে ফ্রান্স ও যুক্তরাজ্য। এই প্রস্তাব বাস্তবায়নে ইরানের সঙ্গে সমন্বয়ের প্রয়োজন রয়েছে।

প্রস্তুতিমূলক একাধিক বৈঠকে অংশ নেওয়া একাধিক দেশ এ হরমুজ অভিযানে অংশ নেওয়ার আগ্রহও ব্যক্ত করেছে।

গত ২৮ ফেব্রুয়ারি ইরানে যুক্তরাষ্ট্র-ইসরায়েলের হামলার পর পশ্চিম এশিয়ায় যে রক্তক্ষয়ী যুদ্ধ বেধে যায় ইউরোপের দেশগুলো মোটাদাগে তা থেকে গা বাঁচিয়ে চলতে চেয়েছিল। কিন্তু নৌচলাচলে বিঘ্ন এবং তেলের দাম ব্যারেলপ্রতি ১০০ ডলার ছাড়ানোর পর নিজেদের স্বার্থ রক্ষায় এখন তাদের সক্রিয় হতেই হচ্ছে।

তেহরান হরমুজ প্রণালি কার্যত বন্ধ করে দেওয়ার পর ডনাল্ড ট্রাম্প ইরানি বন্দরগুলোর ওপর যে অবরোধ দিয়েছেন, তাতে সহায়তা করতে ইউরোপীয় দেশগুলো রাজি না হওয়ায় মার্কিন প্রেসিডেন্ট ইউরোপের ওপর ক্ষিপ্তও হন, লোহিত সাগরে রণতরী পাঠানোকে তার ক্ষোভ প্রশমনের চেষ্টা হিসেবেও দেখা যেতে পারে।

